## কাব্যমঞ্জরী।

## শ্ৰীবলদেব পালিত

প্রণীত।

যদপি মং কবিতা গুণ-বৰ্জিভা তদপি সাধু-প্ৰথায় ভবিষাতি ।

ইভি শোলিখবাজ

## কলিকাতা।

শ্রীযুত ঈশ্বরচন্দ্র বস্তু কোং বছবাজারস্থ ১৭২ সংখ্যক তবনে স্ট্যানহোপ্ যন্ত্রে মুদ্রিত।

> স্ন ১২৭৫ সাল। মূলকে বার আমানা মাত্র



# 

		•		
				পৃষ্ঠা ৷
ভূমিকা	••		•••	5
কবিতার জন্ম		•••	•••	٦
স্বীয়া এবং পরকীয়া ব	ন†য়িকা			22
কাম-বন	•••		• • •	৩১
প্রভাত, মধ্যাহ্ন, প্রদে	াষ এবং	রজনী	•••	8২
জাগর্ত্তি, সুমুপ্তি ও স্ব	প		•••	85
আশা, প্রমোদ, ও	-		•••	<b>¢</b> 8
বিদ্যা এবং ধন			•••	69
আলস্য এবং পরিশ্র	म	•••		৬২
কাল এবং আশা		•••		30
হঃখ			•••	90
ঈশ্বর স্তোত্র				99
পরিবর্ত্ত				ዓል
তমিস্রার প্রতি		. • :		۲3
আকাশের প্রতি		•••		७५
চন্দ্রের প্রতি				৮७
মেঘের উক্তি			•••	۶۵
গন্ধার প্রতি		••	•••	20
শুদ্ধি পত্ৰ		• • •		32¢

পাঠকবর্গের নিকট গ্রন্থকারের সবিনয় প্রা-

র্থনা এই যে, ভাঁহারা এই পুস্তকথানি পাঠারস্ত

कतिवात शृद्धि देशांक शुम्नि श्वाञ्चनादत मः-

**(**भौधन क्रिय़ा न्हेर्यन।

## কাব্যমঞ্জরী।

## ভূমিকা।

তাপময় এই ধরা, সুধু বিষ-ফল-ভরা; আসাদে মুমূর্বু জনগণ; সে যাতনা জুড়াইতে, লোকে দিব্য ফল দিতে, কাব্য কম্পেতৰুর সৃজন। এক ক্ষুদ্র শাখা তার, অতি যত্ন সহকার, হৃদে আমি করিয়া রোপণ, আশা করি সুধা-ফল, নিয়ত শীলন-জল, করিলাম তাহাতে সিঞ্চন। পেয়ে ক্ষেত্র অনুকূল, হলো চারা বর্দ্ধ-মূল, কালেতে ধরিল এ মঞ্জরী; কাব্যামোদি-বন্ধু যাঁরা, অতিশয় প্রীত তাঁরা, अन्तर्भन क्रिश्चिम् তাঁহাদের মতগামী হইয়া, এসব আমা অছ করিতেছি প্রকটন; পণ্ডিত-মধুপগণ, যেন অনুরক্ত হন, এই মাত্র মম আকিঞ্চন ॥

### কবিতার জন্ম।

--

এক নিশি শশি-করে, গ্রীম্ম-দধ্ধ-কলেবরে, একা আমি ত্যজিয়া ভবন, ভুমিতে ভুমিতে ধীরে. গোলাম জাহ্নবী-তীরে, সেবিতে শীতল স্মীরণ ৷ হয়ে তথা উপনীত, স্বস্থির করিয়া চিৎ, মথে গঙ্গাজল প্রকালনে,---বালুকা-পুলিনে বসি, দেখিতে ছিলাম শশী বিশ্বিত সে সলিল দুৰ্পণে 1 হেনকালে কর্ণে মম, ভ্রমর-গুঞ্জর সম, প্রবেশিল রোদনের ধ্বনি: ইতন্ততঃ নেত্রপাত করি, দেখি অকমাৎ, मिक्ति काँ मिर्छ थक धनी। পचगन्ना महे नाती, পच जिनि युक्माती, প্রা স্মা ব্রি প্রাস্থে: মনোহরা বর-তনু, যথা পুরন্দর-ধনু, বরষায় স্মুদ্শ্য গগণে। নেত্র হতে অনিবার, বহিতেছে অঞ্ধার; নির্বর হইতে যথাজল।

<sup>\*</sup> মৃত কৰিবর দীরচাল ঋণ্ডের স্ত্যুর কিলিং পরেই এই প্রবন্ধ দেখা হইয়াছিল।

শরীর কোমল হেন, অনুমান হয় যেন নিখাসে বিদরে উরংস্থল। এলায়ে পড়েছে কেশ, ছিন্ন ভিন্ন ভূষা, বেশ, বাম-করে লগ্ন বাম গাল;

দেখি মনে ভ্রম হয়, হিম-পূর্ণ কুশেশয় বিরাজিত সহিত যুগাল।

তার শোক দরশনে, ছংখ-পরি-পূর্ণ-মনে, স্থালাম বিনয় বচনে,

" কে তুমি ? কাহার নারী ? বিধু-মুখ করি ভারি, একেলা কাঁদিছ কি কারণে ?

আপনার পরিচয়, দেহ, ধনি, সমুদয়, কোন ভয় না মানিও মনে.

যদি কিছু উপকার, সাধ্য থাকে করিবার, অবশ্য করিব প্রাণপণে ৷ "

স্বামার কথার ধনী, চমকি উঠি স্বমনি, কন্টেতে রোদন সম্বরিল;

স্বর-বন্ধ নেত্র-নীরে, মৃত্র ভাষে ধীরে, ধীরে, এই মত কহিতে লাগিল।

" পৃথিবীর বাল্যকালে, যখন তিমির জালে ব্যাপ্ত ছিল মানবের মন,

মিথ্যানাল্লী দিতি-স্থতা, কাম-রূপা, মায়া-যুতা, ভূ-মণ্ডল করিল শাসন ।

মন্ত্রের মোহন-ফাঁদে, ভূতলে আনিয়া চাঁদে, সে দানবী পতিতে বরিল:

- তাহাতে জন্মিল কন্যা, রূপেতে ধরণী ধন্যা, নাম তার কম্পনা রাধিল !
- শুক্ল-পক্ষ-চল্রোপমা, সে কুমারী মনোরমা, বাডিয়া উঠিল দিন দিন;
- কৈশোরে রূপের তার, উপমা ছিলনা আর, শশি-ছেয়ী নলিন মলিন।
- বালা যত লীলা খেলা করিত অনুঢ়া-বেলা, এক মখে না হয় বর্ণন.
- আরোহি আকাশ-যানে, ভ্রমিত সে নানা স্থানে, গিরি, দরী, নগর, কানন:
- কভু মেঘ-লোকে রঙ্গে, নাচিত চপলা সঙ্গে, জলদের ত্বন্দুভির তালে:
- কিম্বা, ধরি ইন্দ্রধনু, জলে নেহারিত তনু, বিভূষিতা বলাকার মালে।
- এমন অপূর্ক মেয়ে, শুভাদ্ফ ফলে পেয়ে, মিধ্যার বাডিল অহস্কার:
- নাশিতে তাহার মান, দর্প-হারি-ভগবান্, করিলেন উপায় তাহার।
- হুর্য্য-লোক পরিহরি, অবনীতে অবতরি, সত্যদেব হুইলা প্রকাশ ,
- মধ্যাক্ সহস্র-কর, জিনিয়া প্রথর-তর, মুখে যাঁর আশুর্যা বিভাস ৷
- গৌর কান্তি, শুক্ল বেশ, কলক্ষের নাহি লেশ, অভিশয় উন্নত আকার.

अ: अमन कढ़ीकाल. वाल्यस स्विभाग, বক্ষঃস্থল বিপুল-বিস্তার ৷ বিচার নামেতে তাঁর, করে ধর তরবার, অগ্রি-শিখা সম সমুজ্জুল; ভাহার ভীষণাকার দেখি, মানি চমৎকার. काँ शिल मिथा त मल वल । मजा-एक अमार्भागः मोरमना, मभक्क-भारत পলায় অজ্ঞান-সেনাপতি: মণেক্রে দেখিলে পরে, যেমন ত্রাসিতান্তরে, মণেরা পলায় ক্রতগতি। তথাপি যে সব স্থান, সত্য-দেব ত্যজি যান, পুনঃ তথা আসিয়া অজ্ঞান, বলিয়া মিথ্যার জয়. অধিকার করে লয়: তিনি এলে আবার প্রস্থান। কিছু কাল এইমত, বিগ্ৰহে হইল গভ; মিখ্যা ত হারিয়া নাহি হারে: কিন্তু ক্রমে ছারখার, দেখি নিজ অধিকার. ব্যপ্র হলো সন্ধি করিবারে। এ দিকেতে মহামতি, সত্য-দেব ত্যক্ত অতি. সীয় ধামে যেতে আকিঞ্চন; टिन काल रेमवाधीन, अथि-मध्य अक मिन. কম্পানার সহ সংঘটন। (यन मीख-र्मामामनी, (हाँत राहे मीमस्विनी,

মুদ্ধ সভ্যদেবের মানস;

#### कारः मञ्जूषी ।

- করস্থ বিচার-অসি, ভূতলে পড়িল খসি; জনয়ে জমিল নব রস ৷
- মিধ্যা-স্থতা কাছে গিয়া, সবিনয় সম্ভাষিয়া, পাণি-এছণের অভিলাষ,
- মধুর, মোহন স্বরে, সত্যদেব সকাতরে, অতঃপর করিলা প্রকাশ।
- জাঁর রূপ নিরীক্ষণে, মোহিনী মোহিত-মনে সন্মতি জানাল মৌন ছলে:
- গল-মাল্য বদলিয়া, তখন গান্ধর্ম-বিয়া, ফুজুনে করিলা সেই স্থলে।
- মাতা রাগ করে পাছে, এই ভয়ে তার কাছে, একথা না কহিল ললনা;
- কিছু দিন পরে তারি, উদর হইল ভারী, গর্ভিনী হইল চক্রাননা।
- গর্ভ প্রকাশের ডরে, না থাকিতে পারি ঘরে, বনে বালা করিল প্রস্থান;
- মিধ্যা মিধ্যা অনুমানে, চড়ি বুঝি ব্যোম-যানে, নন্দিনী অমিছে নানা স্থান ৷
- দশমাস গর্ভ ধরি, আমারে প্রাস্ব করি, জন-শূন্য অরণ্য ভিতর,
- কম্পানা নিষ্ঠুর মনে, বাল্লীকির তপোবনে, ফেলি চলিলেন অতঃপর।
- দৈব-যোগে বাগীশ্বরী, ভ্রমণের ইচ্ছা করি, হঠাৎ নামিয়া সেই স্থলে;

#### কবিভার জন্ম।

- দেখিলেন সভ্যোজাতা, কন্যা এক বিনা মাতা,
  কাঁদিছে পড়িয়া রক্ষতলে !

  দৃষ্ঠি মাত্র সেই ক্ষণ, মম জন্ম-বিবরণ
  জানি দেবী অস্তর-যামিনী,
- শ্বেহার্দ্র, দয়ার্দ্র মনে, ভূমি হতে স্বতনে, কোলে লৈলা হয়ে উৎস্ক্রিনী।
- তৎপরে আমারে লয়ে, বাল্মীকির পর্ণালয়ে, বাণী মাতা করিলা গমন ;
- মুনির নিকটে গিয়া, কোলে তাঁর সমর্পিয়া, আজ্ঞা দিলা করিতে পালন।
- বাল্য-কালে পিতৃ-সম, পালি সে মুনিসত্তম, কবিতা রাখিলা মম নাম.
- আমারে হানয়ে করি, রামের চরিত আরি, রচিলেন কাব্য অভিরাম।
- কৈশোর অতীত হলে, সরস্বতী কুতৃহলে, আমারে করিলা সহচরী:
- দিয়া নানা অলকার, সদা কাছে আপনার, রাখিতেন অনুগ্রহ করি।
- এক দিন তাঁর সঙ্গে, বিমানে চড়িয়া রঙ্গে, গেলাম পিতার নিকেতনে।
- পেয়ে মম পরিচয়, সত্যদেব সহাদয়,
  তৃষিলেন কঞ্গ-বচনে।
- পরে আর্থ-বিবরণ, করিলেন বিজ্ঞাপন,—
  মিধ্যার না মুচে অধিকার।

- তাঁহার প্রচণ্ডালোকে, ভয় পেয়ে অজ্ঞ লোকে, নিকটেতে নাহি আসে আর ।
- অনেকেতে এ প্রকার, শরণ লয়ে ও তাঁর, মিধ্যা প্রতি আসক্ত-হৃদয় ;—
- জান্তিময় চন্দ্র-করে, লোকে যথা বাঞ্ছা করে, দেখিতে স্বভাব-শোভা-চয়।
  - ভনিয়া পিতার বাণী, ভগবতী বীণাপাণি, প্রামর্শ দিলেন তাঁহারে।
  - 'মিথ্যা-প্রিয় প্রজা দলে আনিবারে করতলে দেহ ভার তোমার কন্যারে।
  - 'কবিতার অধিষ্ঠান, হয় দেখ যে যে স্থান, ত্রিদিব তথায় আবির্ভাব:
  - 'পদ-ন্যাসে স্থকোমল, ফুটে শত শতদল, শোভা ধরে সমস্ত স্বভাব ।
  - 'নিন্দিয়া তহুণ-রবি, তব নন্দিনীর ছবি, পিকবর জিনিয়া স্কুস্বর ;
  - 'রূপে আর হুধা-ভাবে, ভুলে লোকে অনায়াসে, হইবে উহার অনুচর।
  - 'রপক-পুষ্পক-রথে, যে সময় মনোরথে, তব স্থতা করিবে ভ্রমণ,
  - 'মিধ্যাধীন প্রজাগণে, কম্পেনা ভাবিয়া মনে, লবে আসি উছার শরণ।
  - 'করিতে মানস-বশ, শিখায়েছি নবরস; প্রত্যেকে হইবে সহকারী;

'যাহার যেমন মন, ভারি মত রসায়ন, করিবেন ভোষার কুষারী।' তাতে এই স্থমন্ত্রণা, দিয়া খেত-পদ্মাসনা, यमि इहेला अस्ति। म অविध धरे गर्छा, लाकित हिर्फत अर्थ, আমি করিলাম অবস্থান। কলিতে সাহিত্য-রবি, কালিদাস মহাকবি,-বর-পুত্র ছিল সে আমার। কঠে তার করি বাস, শকুন্তলা-ইতিহাস করিলাম নাটোতে প্রচার। আর আর চমৎকার, কাব্য যত আছে তার, মম বরে সকলি রচিত: অভাপি তাদের রস, পান করি গায় যশ, যত সৰ রসিক পণ্ডিত। কিন্তু হায়! বাহুবলে যখন যবন দলে ভারত করিল অধিকার. श्राधीनजा-(नवी माक, जक-मान मान-जाक, করিলাম দেশ পরিহার। শতাদ হলো লজান, কফচন্দ্র ভূত্বণ, বস্-রাজ্যে আনিলা আমায়; আমা হৈতে সদাশয় লভিলেন কবিষয়---প্রসাদ, ভারতচন্দ্র রায়।

মম পূর্বজঃখ যত, প্রায় হয়ে ছিল গত, উভয়ের স্থ্যাতি প্রবণে;

\*

তাদিগে হারায়ে, হায়! শোকাগুন পুনরায়, দ্বিগুণ উঠিল জ্বলি মনে।

ভারি কিছু কাল পার, মদন ও কবীখার, নির্বাণ করিল সে অনল;

কাল কিন্তু বাদ করি, আবার তাদিগে হরি, করিয়াছে অন্তর বিকল ।

সেই শোকে অনিবার চক্ষে বহে অঞ্ধার; পুত্র আর পাব কি তেমন!

ছু:ধে বুক ফেটে যায়; এ কথা কহিব কায়, করি তাই নির্জ্ঞানে রোদন।"

'কবিতা' দেবীর কথা তনে, মনে হল ব্যথা, নয়ন ভাসিল অঞ্জনীরে;

সাজ্বনা করিতে যাই, কিন্তু দেখি তিনি নাই;

একা আমি বসি গঙ্গা-তীরে।

## श्रीया এवर পরকীया नायिका।

এकमा निनीथ-काल, हत्क्यत कित्रल একাকী পালকোপরি ভইয়া প্রাক্তনে. চিন্তায় নহিল নেত্রে নিজার নিবেশ: কম্পনা-প্রবাহ ক্রমে বাডিল বিশেষ: স্বীয়া আর পরকীয়া নায়িকা বিষয়ে नाना ভाব আবির্ভাব হইল ऋगरतः ; (इनकारल गृष्ठ यन्न अनिल-वाहरन, निका (पवी चारेलन नयन-छवरन ; তাঁর বশে তপ্তি-রসে মগ্র হল মন :--অতঃপর দেখিলাম অপূর্ব্ব স্বপন। প্রত্যক্ষ হইল এক নিকৃঞ্জ-কানন, নানা-ভৰ্ক-সুশোভিত, নয়ন-রঞ্জন: ভদ্নপরি স্থাংশুর স্থবিমল কর রজত-মুকুট প্রায় শোভে মনোহর। স্থানে স্থানে ঘন ঘন পাদপ নিচয় অন্ধকারে পদতলে দিয়াছে আশ্রয়; স্থানে স্থানে ছায়া আর চন্দ্রের কিরণ ক্রীডা ছলে পরম্পর করে আলিকন। আলোকে. ঈষৎ বাতে তর তর স্বরে, বজ্ঞাপোক-কিপলয় চিকি মিকি করে ৷

মারে মারে গুরু-উরু রম্ভাতকগণ ভক্নীগণের শোভা করেছে ধারণ; নব পত্তে ঢাকা যেন কোঁষেয় অম্বরে, কিঞ্চিৎ নমিত গাত্র মোচা-কুচ ভরে। কদম্ব-কদম্ব কিবা দেখায় ললিত ! কি শোভা বকুল-কুলে মুকুল-মণ্ডিত! কুত্রাপি নবীন নীপ জড়ায়ে উল্লাসে, নবীনা মাধবীলতা ফুল ছলে হাসে। অবনত সহকার মুকুলের ভরে,— মঞ্জরি-পরাগ-মাখা ভ্রমর গুঞ্জরে। মদকল সুধাকণ্ঠ পরভূত দলে মুহুমু হু কুহুকুছ করে কুতৃহলে। পাপিয়া, মাতিয়া রক্ষে, পিউপিউ রবে জ্ঞান হয় জাগাইছে স্থপ্ত মনোভবে। ৰুতন ৰুতন তানে গায় শামাগণ; ভুসরাজ কুজিতে গুঞ্জিত কুঞ্জবন ; **जात्न विम मर्शन मधुत श्वनि करतः**; কৌতুকে কপোত-কুল কুহরে কোটরে। হরিতে মানিনী-মান, স্মর-আজাবহ 'বউ কথা কছ' বলে বউ-কথা-কছ। ফুটেছে বিবিধ কলি, অলি আনন্দিত; রজনী-গন্ধের গন্ধে দিক্ আমোদিত। কামিনী-কুমুম-প্রেমে প্রমন্ত প্রবন বাস ছলে বাস ভার করিছে হরণ।

মধুত্ৰত–প্ৰপানিকা শেকালিকা বড হৃদয় ভাণ্ডার শুলে মধুদানে রত। প্রফুল্লিতা মধুমল্লী প্রনালিক্সনে; কুচ যুগে যার হার পরে রামাগণে। কবরীর উপযুক্ত চাঁপা-কলি ফুটে; বায়ু যোগে বাস যার বহুদূর চুটে। कर्नशृत-रयागा कूछि कर्निकात-कूल; कृष्टि नव-कूक-वक जीमखाकूकूल । উছানের বাম ভাগে সর: এক শোভে; विकठ कूमूम यथा अलि-िछ लाए । নব মেঘ তুল্য তার ঘন-নীল জ্বল সমীরণ সহকারে সতত চঞ্চল 1 পূর্বেতে অপূর্ব ঘাট হেরি মুগ্ন মন, পাষাণ সোপান ভার অদ্ভুত গঠন। উপরে মন্দির এক কাঞ্চন-রচিত ; চূড়ায় উড়িছে ধ্বজা মকর-চিত্রিত। রতন মণ্ডিত তার অবারিত হার: ভিতরে হীরকালোকে হরে অন্ধকার। মণিময়-সিংহাসনে, পাষাণ-মূরতি সেখানে বিরাজমান রতি, রতিপতি। थाश! कि अश्वर्त मीखि উভয় रमति! मक्ता मक्जीय विल खग इस गति । সমুখে কুম্ম-চাপ দেখি বিভযান; কুন্ম-মণ্ডিত তার শোভে পঞ্চবাণ।

স্মন্দ, স্থান্ধ-যুত মলয়-পবন
আনন্দে করিছে তথা চামর-ব্যজন;
আপনি বসন্ত বুঝি হয়ে পুরোহিত
আরতি করেন তথা যেমন বিহিত;
শক্ষ আর ঘটা-নাদ না হয় সেধানে—
ভ্রমর-গুঞ্জর-ধ্বনি শুনি মাত্র কাণে।
প্রাঞ্জলিত কাম কুও অপূর্ক অনলে;
নির্কাণ না হয় তাহা অনিলে বা জলে;
এই মাত্র লেখা আছে সেধানে পাষাণে,
'বিরহি-হ্রদয় দাহ হয় এই স্থানে'।

মন্দিরের চতুর্দ্ধিক করি নিরীক্ষণ,
চমৎকার চমৎকার দৃশ্যে মোহে মন ।
কোন কলে ভিত্তি মাঝে রয়েছে খোদিত
নানামত চিত্রকাব্য আদি-রসাহিত ।
কুত্রাপি বিচিত্র চিত্র আছে অগণন;—
মহেশের ধ্যান-ভঙ্ক, সম্বর-নিধন,
রন্দাবনে ব্রজনাথ নিকুঞ্জ-কাননে
যুবতী গোপিনী সহ রত নিধুবনে ।
নির্ধিয়া ক্রির চিত্তে এ চিত্র সকল,
স্পান-হীন হল মম নয়ন য়ুগল ।
হেন কালে, কর্পে শুনি রুপুর-সিঞ্জিত,
ভার-দেশে দাড়ালাম হয়ে সচকিত ।
দেখিলাম চন্দ্রালোকে জনেক কামিনী,
চঞ্চলা সমান রূপ, চঞ্চল-গামিনী,

রক্তিনী সক্তিনী ত্রয় সক্তেতে লইয়া, আসিছে মন্দির পানে উৎস্কী হইয়া আমারে দেখিয়া বালা সতর্ক হইল: সখীগণে রাখি দুরে নিকটে আইল। ছেরি তার ভাব, হাব, গতি মদালস, বিশ্বয়ে হইল পূর্ব আমার মানস। প্রানভ-প্রকাশ্য-আস্ম হাস্য তায় ভরা, माकार ऐसिनी, किशा (यनका अभारा। অস-ভঙ্গে যেন কত অনুস খেলায় : काल-कगी मम (वंगी मः निवादत शाय. কেশ-পাশে শত শত হীরাখণ্ড জ্বলে:-যেমন ভারকগণ গগন-মণ্ডলে 1---वाँका ज-विलाग-भानी वक्षन लावन কটাকে কাড়িয়া লয় যুব-জন মন :--मीश-मारानल यथा, उज्ज्ञल रहन. नयन-याइनकाती. अथव जीवन । कामाशि-अमीख-कत्र, इत-मर्भ-इत्र, পয়োধর ভার যেন আগ্নেরভূধর: বেষ্টিত দামিনীবং মুকুতার হারে: কাঁচলিতে কোন মতে রাখিতে না পারে। একেত মোহিনী মৃত্তি যৌবন প্রভায়. ভূষাগুণে শতগুণে শোভা বৃদ্ধি তার। थमन तम्गी मृशि नित्रिथ नक्रान. পরিচয় লতে হবে ভাবিলাম মনে :

কাৰ্যমন্ত্ৰী। কিন্তু মম সুধাবার অগ্রেই সে ধনী কাছে আসি হাসি হাসি সুধাল আপনি। " একাকী মুবক তুমি, নিশীথ সময়ে, " আসিয়াছ এ মন্দিরে বল কি আশয়ে ? " অনুভবে বুৰি তুমি প্ৰণয়-প্ৰয়াসী; " নেত্রে তাই নিদ্রা নাই, হয়েছ উদাসী। "কেন তবে ইতন্ততঃ করিছ ভ্রমণ ? " आयात अशीरम कत मकल राग्रिन। " 'পরকীয়া' নাম মম খ্যাত চরাচর, "অবনীতে অবতার তরাইতে নর। " ভূবন-বিদিত মম পিতা পঞ্চবাণ; " যাহাঁর মন্দির এই দেখ বিছমান ! " উচ্চ-বংশ-জাভা মাতা, নাম তাঁর 'মন্তি', "'কুমতি' ভাঁহারে বলে যত চুফী-মতি।

١.

''রতি-দেবী বরে মম অচল যৌবন ; '' পিড্-আজা অনুসারে যথেচ্ছা গমন।

" जूके राप्त मीनत्कजू वहे डेशवम,

" আমার জীড়ার হেতু, করিলা সৃজন।

" न्छा, गीछ, बाग्र चानि विनाम कलाश-

" এ তির এখানে আর নাই অন্যালাপ।
" অগণন নর, নারী লয় মমাশ্রয়;

" मना जोत्रा अरे तरन निधूतरन तत्तः।

" আমার অধীনে আছে বত বিছাধরী;

" তাহাদের চেয়ে কত রয়েছে ছবরী।

" তোমার প্রতীকা তার। করে প্রতিকণ; " যারে ইচ্ছা ভারে তুমি করহ এহণ। " আগে কিন্তু স্থান কর এই সরোবরে; " दिख्तभी मम खन यात्र जन श्रातः ; '' স্পূৰ্ণ মাত্ৰ যশাকাজ্ঞা আদি তৃষ্ণা যাবে, " অস্তরের মলিনতা অস্তরে পলাবে; " তবেত এ বনে তুমি বাস-যোগ্য হবে ; " সুখের আলস্য-বশে চিরদিন রবে ; " সংসারের ক্লেশ কিছু কাছে না আসিবে, ' অবিরত আনন্দের সলিলে ভাসিবে। " এই ভ্রাপ্তি-সরো-বারি তব চক্ষে দিয়া, " এস্থান মহিমা যত দিই দেখাইয়া। '' ওই দেখ কত শত মুবক, যুবতী, '' মধুপানে চল চল কামাসক্ত-মতি। '' ওই দেখ রস রক্ষে নাগর সকলে " নাগরীগণের সঙ্গে কেলি করে জলে।

" ওই শুন স্থমধুর সারস্কীর তান ; " বারাস্কাগণে মিলি করিতেছে গান । " তালে তালে সমুপুর-চরণ-চালনে

"কাম কাঁনে উহারা বাঁধিছে যুবগণে ≀
"ষগ্রপি ওদের প্রতি হয় তব রতি,

" এখনি আমার সঙ্গে চল শীজগতি।" ভনি মোহিনীর বানী মুগ্ধ হল মন;

বেণু বাছে জ্ঞান-হত কুরক যেমন।

এমন সময়ে তথা, গজেল্র-গমনে আর এক নারী এল লয়ে সখীগণে। চাকচক্য-হীন তার রূপ সমুজ্জ্ল; भारत-कामनी नम, विमल, कामल। लक्का-नम्-मूथी धनी, वश्राम नवीना, সুস্থিদ্ধ-সরল-দৃশী, কটাক্ষ-বিহীনা; অন্তর-আদর্শ-রূপ বদন-মণ্ডল প্রকাশ করিছে তার স্বভাব নির্মাল; বসনে বেষ্টিত, যেন শৈবালে কমল, ভূষা বিনা তপ্ত করে নয়ন যুগল। কাঁচা-হীন পদ্ম-নাল বাহু স্থললিত; উরজ পক্কজ-কলি বাসে আচ্চাদিত। সীমন্তে সিন্দুর-রেখা বিদ্যুৎ আকার; অন্বরে স্কারত তরু হতেছে প্রচার। সলজ্জ-মাধুষ্য তার নিরখি বদনে, त्रशालाम शीरत शीरत विनय वहरत ।

"কে তুমি গো? কার কন্যা? কার প্রণয়িনী?

"রপে গুণে দেখি ধন্যা মানস-মোহিনি।

"কুলের কামিনী মত তব আচরণ;

"লক্ষণেতে বিদিত হতেছে বিলক্ষণ।

"সদয় হৃদয়ে, বালে, পরিহরি ভয়,

"আপনার পরিচয় দেহ সমুদয়।"

আমার বিনয়-বাক্যে, বিশ্বসিত চিতে

রখা-ভাবে স্থা-মুখী লাগিল কহিতে।

#### শীয়া এবং প্রকীয়া নায়িকা।

- কামদেবে তৃষ্ট হয়ে 'য়ন' মতিয়ান
- " 'সুমতি,' 'কুমতি,' ছুই কন্যা দিলা দান।
- " প্রথমা দেবীর গর্ভে জনম আমার।
- " 'স্বকীয়া' বলিয়া নাম জগতে প্রচার॥
- জন্মাবধি বিমাতা আমায় প্রতিকূল;
- " अश्वर्या (मिशा यय मना द्रेर्याकूल ।
- " পরকীয়। কন্যা তাঁর এই দেখ চেয়ে;
- " কোটি গুণে কুটিলা, কপটী তাঁর চেয়ে।
- " ইহাঁদের জ্বালায় হইয়া জ্লাতন,
- "জনকেরে জানালাম সব বিবরণ:
- " কৰুণা করিয়া ভবে পিতা পঞ্চবাণ
- " আমারে পৃথক হর্ম্য করিলেন দান।
- " মন্দির দক্ষিণে দেখ মহল আমার
- " চন্দ্র-করে শোভা করে হিমাদ্রি আকার।
- " সঙ্গিনী আমার এই তিন সহচরী;
- " 'পরিতৃপ্তি,' 'সরলতা,' 'সুস্থতা' সুন্দরী ৷
- "'তৃপ্তি'ওই, শোভে যেই বিনা অভরণে;
- " সহজে কনক-কাস্থি, কাজ কি ভূষণে ?
- " উহার পাশেতে, যেন শশ-হীন-শশী,
- " শুক্ল বেশে দেখ 'সরলতা ' স্বরূপসী ;
- " 'স্কুতা' স্থীরে বামে কর দরশন,
- " কমল সদৃশ যার কোমল গঠন;
- " গও-দেশে পত্য-ভ্রমে ভ্রমিছে ভ্রমর,
- " সুধার আধার মুখ মন-মুদ্ধ-কর;

" इहारमत मरक निष्ठा अथनि मगरत,

۹.

- " পিতারে পঞ্জিতে স্বাসি এই দেবালয়ে।
- " প্রত্যহ আসেন নাথ আমার সহিত;
- " আজি সুধু তাঁর সঙ্গ হয়েছি বঞ্চিত।"—

বলিতে বলিতে বালা নীরব হইল।

লজ্জার আরক্ত-রাগ গালে দেখা দিল।

দেখি, সরলতা-সখী, নিকটে-আসিয়া,
"'জ্ঞান'-প্রণয়িনী ইনি," কহিল হাসিয়া।

- " ऋषग्र-शक्तव-वाँथा ऋषग्र-वक्रछ,
- " ইহাঁর যে সুখ তাহা দেবের দুর্লভ।"
  ত্তিন অতি ক্রোধবতী কুমতি-নন্দিনী;

সম্বনে নয়নে তার ঝলকে দামিনী।

এতক্ষণ গাঢ় কোপে নীরব সে ছিল ; আরক্ত নয়নে ভারে কহিতে লাগিল।

- " মিছা তুই স্বকীয়ার করিস গৌরব;
- " উহার সম্পদ যত জানি আমি স**ব**।
- " পিঞ্করের পাখী প্রায় বন্ধ থাকে ঘরে,
- " অপ্স-দর্শিতার তরে অহস্কারে মরে ;
- " পামীর সোহাগে বড় বাড়িয়াছে মান ;—
- " সে যে নিজে ঘোর মূর্খ নামে মাত 'জ্ঞান'।
- " নছে কেশ, নবনব প্রেম-রস ত্যজি,
- " রুখা সে যৌবন বাপে এক জ্ঞানে মজি ?
- " ইচ্ছা করি বাধীনতা করি পরিহার,
- " উদাহ-নিগড় পরে গলে আপনার ?

#### স্বীয়া এবং পর্কীয়া নায়িক।।

- " যদি হে পথিক, তুমি স্বাধীনতা চাও,
- " আমার আশ্রমে থাকি জীবন জুড়াও,
- " কোকিল তোমার জন্য করিবেক গান;
- " ফুল-কুল করিবেক সৌরভ প্রদান;
- " সরসীর জল-কণা বহিয়া, পবন
- " সতত তোমার অঙ্গে করিবে ব্যজন;
- " সমুখেতে লীলাবতী বারনারীগণ
- " নৃত্য, গীত, হাব, ভাবে তুলাইবে মন।
- " এ সকল উদ্দীপনে, অন্তরে যখন
- " আপনা হইতে হবে কাম-উদ্দীপন,
- " ইচ্ছামত ললনায় লয়ে প্রেমোল্লাদে,
- " মনোরথ কর পূর্ণ নিকুঞ্জ-নিবাসে !
- " একের সহিত বাঁধা থাকিয়া কি কাজ ?
- " নিত্য নবাঙ্কনা দিবে রমণী-সমাজ।
- " নিত্য নব ফল খায় বিহ্ন নিকর,
- " নিত্য নব ফুলে মধু পীয়ে মধুকর,
- " নিত্য নব তৃণ লোভে কুরক্ষের কুল
- " কাননে কাননে ভ্রমে হইয়া ব্যাকুল;
- " অতএব প্রতিদিন কুতন কুতন
- " মনের মন্তন লও রমণী রডন,
- " ভূতন ভূতন রস করি আখাদন,
- " নূতন নূতন হংখে তৃপ্ত হবে মন।"
  পরকীয়া-ভাষে 'বীয়া' ব্যখিত অস্তুরে,
  সধী পানে চাইয়া কহিল মুহুস্বরে!

#### का बाम अवी।

- " যাতে প্রীতি তারি প্রতি থাকে সুধু মতি,
- " মহতের মহতের স্বভাব এমতি।
- " চকোর কেবল পীয়ে চক্রের কিরণ;
- " কভু সে কি পুষ্প-মধু করে আকিঞ্চন?
- " পিপাসায় চাতকের প্রাণ বদি যায়,
- " তবু সে মহীর নীরে ফিরে নাহি চায়।
- " भी उल भभी इ कर इ शिल भी निल भी ;
- " রবি-করে ছবি ধরে রবি-প্রণয়িনী।
- "দিবাগমে পতিপ্রাণা কুমুদিনী সতী
- " তপন-লপন ছেরি সংস্কৃচিতা অতি।
- "বরষায় যে মেষের গভীর গভর্তন
- " শুনি, ভয়ে বিচলিত সকলের মন,
- " হেন মেঘনাদে শিখী সুখী অতিশয়;
- " সুরভী সময়ে তার নহে সুখোদয়।
- " আর দেখ জড়েতেও হেন গুণ আছে ;
- " লোহ স্বধু যেতে চায় চুম্বকের কাছে"— স্বীয়ারে অধিক আর কহিতে না দিয়া,

আমারে সহাস্থ্য-মুখে কহে পরকীয়া।

- " ভুলনা, যুবক, ভুমি উহার কথায় ;
- " রত্নের ভাণ্ডার ফেলি একে কেবা চায় ?
- " कति यञ्ज नाती-तञ्ज लउ मगानतः;
- " রবি, শশী, অগ্নি সম ছটা যারা ধরে।
- " তবু যদি একে রত হয় ত্ব মন,
- '' মিলাইতে পারি আমি মনোমত জন।

#### স্বীয়া এবং প্রকীয়া নাথিকা।

" প্রেমেতে মিশায় প্রেম, জলে যেন জল, " তারে কি বাঁধিতে পারে নিয়ম-শৃঙ্খল ? " ষেখানে মনের মিল সে রছে সেখানে; '' দেশাচার, লোকাচার কিছু নাহি মানে। " মিছামিছি পরিণয়ে কিবা প্রয়োজন ? " প্রণয়-পাশেতে বদ্ধ রবে তুই জন। " উর্মেশী সমান কত আছে বারাঙ্গনা। " যারে ইচ্ছা ভারে লয়ে পূরাও কামনা। " কিন্তা কোন রসবতী কুলটা লইয়া, " নির্জ্জনে রহস্যালাপ কর লুকাইয়া; "সক্ষেত স্থানেতে ধরি কমলিনী-কর; " গোপনে লপনে তার হও মধুকর। '' অন্ধকার অনুকুল হবে হেন কালে, " ঢাকিবে গগন-মুখ জলধর-জালে; "करत्रा कक्कग-क्षनि इटेल किकिए, '' অমনি হইবে ধনী ভয়ে সচকিত; '' প্রবোধ বচনে তার শঙ্কা করি দূর, '' তখন সম্ভোগ-সুখ পাইবে প্রচুর<sub>।</sub>" পরকীয়া-মুখে ভনি এ সকল কথা, অধোমুখে বলে সীয়া মনে পেয়ে ব্যথা। "যে জন অসতী প্রতি হয় অনুকুল, শেষেতে অবশ্য তার যায় ছুই কূল। '' কতক্ষণ হুতাশন বস্ত্ৰ-বাঁধা থাকে 🏻 '' কুয়াসায় কভক্ষণ রবি-ছবি ঢাকে ?

'বরষা কালেতে ফুল্ল-কেতকীর বাস ''কৈডক্ষণ পাত্ৰচয়ে রহে অপ্রকাশ ? " হৃদয় আহুতি দিলে কাম বৈশানরে, ''ধুম তার ব্যাপ্ত হয় দিগু দিগস্তুরে ; " মিলন না হতে লোকে করে কাণাকাণি " পিরীতির এই রীতি পূর্ববাবধি জানি। '' গুপ্ত পরকীয়া-তৰু-মূলে লুকাইয়া "'কলক্ক' নিষাদ থাকে সাতনলা নিয়া;— " অপরপ ফাঁদে তার চাঁদ পড়ে কাঁদে; " মারুষে কে গণে? সেই দেবাস্থরে বাঁথে i-" ভান্তি ক্রমে তথা যদি যাও ফল আশে, " তখনি সে তোমারে বাঁধিবে নিজ পাশে; " সে সময় প্রিয়-তক ছাড়িতে হইবে, " তক্ষর সমান দও উচিত পাইবে।" শীয়া বাক্যে পরকীয়া ক্রোধানলে জুলে, " মিছা কুমন্ত্রণা দিতে তোরে কেবা বলে ? " পিরীতির অভিলাষী, রসিক স্কুজন " যে রস স্থাতু তারি লবে আখাদন। " বিচার করিয়া মনে বুঝ ছে নবীন, " যৌবনের অধিকার নয় চির দিন; " এই বেলা আমার হইয়া অনুগভ, " সুখ-ভোগ করে লও ইচ্ছা হয় যত, " স্বীয়া নায়িকার কাছে কি কল পাইবে? " এক ভাবে এ জীবন বিফলে যাইবে ।

শুনি পরকীয়া-বাণী জ্ঞানের রমণী সুধা-মাখা মৃদ্ধ-ভাষে কছিল অমনি। "যদি, হে পথিক, তুমি জানহ নিশ্চয় " জীবন, যৌবন তব চিরস্থায়ি নয়, " পরকীয়া-ফাঁদে পড়ি অম্প সুখ লোভে, " কেন চির-পরকাল মগ্র রবে ক্ষোভে? '' মম বশে ইহকাল স্থা কাটাইবে; '' পরিণামে পরিতাপ কতু না পাইবে। "বিধি বৈধ পরিণয়ে পবিত্র প্রণয়; " সাধু জনে জানে তায় কত স্থোদয়। " বিবাহিতা দয়িতার প্রিয় সম্ভাষণে, " নির্মাল আনন্দ পতি পায় প্রতিক্ষণে; '' ভার্য্যাহীন জনের ত্রুথের নাহি পার; '' কাস্তার বিহনে তার আগার কাস্তার। " দয়িতা কেমন বস্তু, কত সুখাকর, '' বিশেষ জানেন তাহা দেব হরি হর; "লক্ষীরে হৃদয়ে তাই রাখেন মুরারি, "উমা সঙ্গে অর্দ্ধ অঙ্কে থাকেন পুরারি। ''এক মুখে ভাৰ্য্যা-গুণ না হয় ব্যাখ্যান ; '' পঞ্চমুখে পঞ্চানন শক্তি-শুণ গান। " আছে যার দেবদত্ত সতীত্ব-ভূষণ, " অন্য অলঙ্কারে তার কোন্প্রয়োজন ? " নয়নে পরেছে যেই লাজের অঞ্ন, ''সহজেই হয় সেই নয়ন-রঞ্জন।

#### কাৰ্যমঞ্জী।

- "তার সহ পাংশুলার তুলনা কি হয়?
- "জোনাকী কি জুলে যথা রবি রশ্মিময়?
- " সম্পদ সময়ে কান্ত, কান্তার কারণে,
- " দ্বিগুণ সম্ব্যেষ পায় প্রণয়-বন্ধনে ;
- " বিপদে পতিত যদি হয় কতু পতি,
- " অর্দ্ধেক ত্রংখের ভার বহে সেই সতী;
- " যেমন মাধবী-লতা, সুখ-মধুমাদে,
- '' চারা-আম-গলা ধরি প্রমোদ প্রকাশে ;
- " যদিও শুকায় তৰু নিদাঘের করে,
- '' তবু সে জড়ায়ে তারে থাকে প্রেম-ভরে ।
- "পরকীয়া নায়িকার বিপরীত ক্রিয়া;
- " শেষেতে বিপাকে ফেলে আগে আশা দিয়া;
- '' যেমন আকাশ-বল্লী চড়ি চল-দলে
- " রসহীন করে তারে আলিক্সন-ছলে।
- " প্রভাতের ছায়া তুল্য অসতী-পিরীতি,
- '' ক্রমে ক্রমে খর্ব্ব হয় এই তার রীতি;
- " দয়িতার প্রেম পরাক্ষের ছায়া ন্যায়,
- " দিন যত ক্ষয় হয় তত বৃদ্ধি পায়।
- " সংসারের সার যেই তনয়-রতন,
- " ভার্য্যা-রত্নাকর হতে মিলে সেই ধন।
- ' পু জ্র-মুখ দেখি সুখ হয় যে প্রকার,
- " সেই জন বুঝে মাত্র পুত্র আছে যার।
- "ধন্য সেই যার স্কুত আধ আধ বোলে
- '' ধূলা মাখা কোমলাক্ষে কোলে উঠে দোলে ;

```
" নিক্ষল তৰুর ন্যায় অপুত্রক-জন;
```

- " পিতা, মাতা, ভ্রাতা আদি যত পরিবার---
- " যাহাদের লয়ে লোকে তরে এ সংসার—
- " সে সকল মিলে স্বধু আমারি রূপায়।
- " বিবাহ নহিলে তারা থাকিত কোথায়?
- " সুধু নীচ পশুগণে জানেনা এ সুখ:
- " তাহাদের কিবা দোষ ? বিধাতা বিমুখ।
- " প্রশস্ত মানব-পদে হইয়া স্থাপিত
- '' পশুবৎ আচরণ করা কি উচিত ?"

পরকীয়া কহে, " ওহে পথিক স্কুজন,

- '' ওসব কথায় আর কেন দেও মন?
- '' সদাশয়, তেজোময়, জ্ঞানী, বিচক্ষণ,
- " আমার আশ্রয় লয় যত দেবগণ।
- " সাক্ষী তার স্থাকর! যার দিব্য-করে
- " অন্তর ও বাহিরের অন্ধকার হরে।
- " বারেক বদন তুলি চাও নভো পানে;
- " দেখ দেখি চন্দ্রমার কি শোভা ওখানে।
- "প্রব জিনিয়া বল রাবণ ভূপাল
- " আমার অধীন হয়ে ছিল চিরকাল ;
- '' ভুঞ্জিল অশেষ সুখ মম রূপা-বলে ;
- " অত্যাপি তাহার নাম ঘোষে ধরাতলে।
- '' আর দেখ কালিদাস, অদ্বিতীয় কবি,
- " স্থাধার জিনি যার কবিতার ছবি,

<sup>&</sup>quot;সংসারে তাহার আর কিবা প্রয়োজন?

" वाताकना-कुल-कुरल इरम बधुकत,

" আদিরসে প্রমন্ত থাকিত নিরস্তর ৷" অসঙ্গত কথা স্বীয়া না পারি সহিতে,

পুনরায় মুদ্রভাষে লাগিল কহিতে

" মহতের দোষ ভাগ করিয়া বর্জ্জন,

" গুণগ্রাহী হইবেক চতুর যে জন।

" সিন্ধু হতে এত বারি লয় দেখ ঘন,

'' তবু তার ক্ষার-দোষ না ধরে কখন।

" কাঁটা ত্যজি তুলে ফুল চতুর যে হয়;

" নীরে ক্ষীর পান করে হংস সদাশয়।

'' মছতে যছপি হয় অংশ্রের বশ,

'' পৃথিবী যুড়িয়া তার রটে অপযশ।

" বিমল-শীতল-কর বটে স্থাকর,

'' জগতের তমোহর, দৃশ্য মনোহর ;

" আত্ম-দোষে উহার যশের হলো নাশ;

'' বদনে কলক্ক-অক্ক পাইছে প্রকাশ।

'' ছিল বটে দশানন প্রতাপে প্রবল,

" শেষে সে পাইল ভাল নিজ কর্মফল ;

" পতিব্ৰতা সতী সীতা ছলে আনি ঘরে,

" বংশ স**হ ধ্বংস হল শ্রীরামের** শরে।

'' সরস্বতী-বরপুত্র কবি কালিদাস,

" যার কাব্য পাঠে হয় চিত্তের বিলাস,

'' পরকীয়া রসে সেই প্রাণ হারাইল ;

" আপনি ভারতী তারে বাঁচাতে নারিল।"

স্বকীয়ার হিত বাক্য শুনিয়া তখন. এপ্রকার মোহিত হইল মম মন, বাছ-জ্ঞান একেবারে প্রস্থান করিল: সমক্ষ যাবৎ বস্তু অলক্ষ্য হইল। থাকিলাম বছক্ষণ হেন অবস্থায়: না জানি কখন নিশা হইল বিদায়। মোহ-ভঙ্গে দেখি উর্দ্ধে শশী অন্ত-শোভা; তডাগে মলিনা তার হৃদয়-বল্পভা। কিন্ত কিবা চমৎকার। দিবসের গুণে. পরকীয়া মুখ-ছবি ল্লান কোটী গুণে ! হইল খছোতবং বিঘ্যুৎ বরণ; কোটরে ঢুকিল আঁখি গলিত-অঞ্জন; গালের কুমকুম ক্রমে বিবর্ণ হইল : অধরে অলক্ত-দাগ প্রকাশ পাইল: শৈলবং বুকে ছিল যেই কুচৰয়, আলোকে ক্তিম বোধ হইল নিশ্চয়। কিন্তু তারি বিপরীতে, স্বীয়ার বদন অপূর্ব্ব উজ্জ্বল-কান্তি করিল ধারণ; অধরে করিল ম্লান পাকা বিশ্ব-ফল: নয়নে জিনিল রবি, কপোলে কমল: নিশিতে যে সব শোভা অপ্রকাশ ছিল, দিবালোকে ব্যক্ত হয়ে সকলে মোছিল। হেন কালে পরকীয়া-সহচরী-গণ ঠাকুরাণী লইতে করিল আগমন।

তাহাদের পানে চেয়ে, সরলতা ধনী আমারে সহাস্যুথে কহিল অমনি। '' পরকীয়া প্রিয়-সখী পশ্চাতে সবার.— " 'পীডা' নামে পরিচয় দেয় আপনার— " স্লান-মুখী, শীর্ণ-কায়া, জীর্ণ বাস পরে, " চলিবার শক্তি নাই নডে বায়ু ভরে। " 'অখ্যাতি' আসিছে আগে বিষাণ-বাদিনী; " কাল-বর্ণা, অসি-হস্তা, কাল-সরপিনী। " মাঝে, চেয়ে দেখ 'শক্কা' অধর্মের জায়া ; " ৰুপে জুরে সদা যার কাঁপিতেছে কায়া। '' যেমন দেবতা, তাঁর তেমনি বাহন; " স্বভাবে স্বভাবে মিলে বিধির লিখন। '' পরকীয়া নায়িকার স্বরূপ প্রকৃতি " এখন পথিক তব হল অবগতি। " দেখে শুনে এসব উহারে যদি চাও. " আমাদের দেবীরে ছাডিয়া তবে যাও।" শুনিয়া আমার মনঃ ভাবে গদ গদ: চাহিলাম ধরিতে স্বীয়ার রাক্ষা পদ: তাহাতে ভাঙ্গিল যুম-সপ্ন হলো লয়-পূর্ব্ধ-ভাগে রক্ত-রাগে আদিত্য উদয়।

#### কাম-বন।

মনস্বী, তপস্বী, যতি তকদেব মহামতি, কতকাল করি পর্য্যটন, দেখিয়া অনেক দেশ, উপনীত অবশেষ যেখানে বিরাজে কাম-বন। বিভাবরী সযৌবনা, প্রায় পূর্ণ-চন্দ্রাননা, কৌমুদী ছলেতে হাস্য করে; দে আলো-প্লাবিত বন, আহা কিবা স্থদর্শন! হেরিয়া মুনির মনঃ হরে। বাহিরের শোভা তার, নির্থিয়া চমৎকার, ঋষিরাজ বিশায়-অন্তর; হেন কালে বন-বাসী এক জন যক্ষ আসি, হল তাঁর সমুখ গোচর। উদর বদন তার ছিল বটে দীর্ঘাকার, তব তার রূপ মনোহর; সৃত্যু নয়ন-দ্বয়, স্বর্ণ, মণি, মুক্তাময় ভূষায় ভূষিত কলেবর। শুকদেবে, সমাদরে, মধুর, মোহন স্বরে, গুছক জিজ্ঞাদে সবিনয়; ''কে তুমি ? কি অভিলাষে এ মম বিপিন বাসে আসিয়াছ দেহ পরিচয়।

"লোভ নামে খ্যাত আমি, এই অটবীর স্বামী, সর্ব্ব দ্রব্য মিলে মম চাঁই; "অর্গ. মর্ত্য. রসাতলে হেন ফল নাহি ফলে,

যাহা এই বন মৃধ্যে নাই ।"

ক্ষিকন, 'হৈপায়ন- পুত্র এই অভাজন;

দেশাটন করিয়া মনন.

"কত তীর্থ বেড়াইয়া, কত রাজ্য এড়াইয়া, সম্প্রতি এখানে আগমন ৷"

যক্ষ বলে " তপোধন, বিলম্বে কি প্রায়োজন ? অতিক্রম কর বন-সীমা;

"বাসনা করিবে যাহা, এখনি পাইবে তাহা, এমনি এ কানন-মহিমা!"

লোভ বাক্যে মুনিবর, অতি হ্রষিডাপ্তর, তার সহ করেন গমন:

দেখেন কানন মাঝে বিবিধ নিকুঞ্জ রাজে, নিন্দিয়া নন্দন উপবন 1

জন-শূন্য নহে বন ; ন্ত্ৰী, পুক্ষ আগণন ভিন্ন ভিন্ন কুঞ্জ পানে যায়;

যার যাতে হয় রতি সে তাহাতে করে গতি, অন্য দিকে ফিরে নাহি চায় ।

আছে পথ শত শত, পরিসর মনোমত; 'মনোরথ' রথ চলে তার;

'প্রার্থি ' সার্রথিগণে, যাত্রীদের অন্নেষণে, ইতস্ততঃ বিচরে তথায়। মুনিরে দেখিতে পেয়ে, রথ এক এলো থেয়ে,

মৃদ্রভাষে সার্থি স্থায়,

" আজ্ঞা কর, তপোধন, কোন্ কোন্ উপবন দেখিবার তব অভিপ্রায়?"

বন-স্বামী কাছে ছিল, সত্ত্বর দিল, '' যাব মোরা প্রথম উছানে;

" সুবর্ণ-চম্পক-বনে, লয়ে চল ছুই জনে, মহারাজ-মন্দির যেখানে ≀"

পরে মুনি লোভ-সঙ্কে, মনোরথে চড়ি রকে, ধনকুঞ্জে করিলা প্রবেশ;

দেখিলেন তদন্তরে, স্থবর্ণ-রচিত-খরে রত্ন-ময় বিগ্রহ 'ধনেশ'।

রাশি রাশি ফুল চয়, ভূমিতলে পড়ে রয়; সে সকল কেবল কাঞ্চন;

ধনিক বণিক যত, ঠেলা ঠেলি করি কত, কুডাইছে করিয়া যতন।

লোভ বলে, '' তপোধন, কর ধন আহরণ, সম্মুখেতে সোণার ভাণ্ডার ;

লোকে যার অভিলাষে, দ্বীপান্তর হতে আদে,

ত্বস্তুর সাগর হয়ে পার ৷"

লোভ-বাক্য প্রণিধান করি, মুনি মতিমান হাসি হাসি দিলেন উত্তর,

"সন্যাসী, তপাসী জনে কি করিবে এই ধনে? মোক্ষ ধন সাধনে তৎপার ৷ "এ কনক দেখ চেয়ে, কনক (য়ৄড়য়া) চেয়ে মাদকতা ধরে শত গুণ;

" তাহা 'থেলে' ক্ষিপ্ত করে, ইহা 'পেলে' জ্ঞান হরে, এমন অদ্ভূত এর গুণ ৷

" আরো দেখ কত জনে, কন্টসৃষ্টে প্রাণ পণে, উপার্জ্জন করি কিছু ধন,

"অপর লোকের ভয়ে ক্ষণেক নিশ্চিন্ত হয়ে থাকিতে না পারে কদাচন।"

শ্রবনে মুনির কথা, লোভ পায় মনো-ব্যথা;
কিন্তু তাহা প্রকাশ না করি,
উচ্চ এক পথ ধরি, চলে ভাঁরে সঙ্গে করি

৬০০ এক পৃথ ধার, চলে তারে নজে ৭ এক ক্ষুদ্র মহীধু উপরি।

তথায় তমাল, তাল, সহিত বিশাল শাল, মাধা তুলি পরশে গগন;

কোন স্থানে দেবদাক অভ্ৰ-ভেদী উঠে চাক; কোন স্থানে চল-পত্ৰগণ।

ক্ষণ কাল সেই বনে ভামি মুনি যক্ষ স্নে অন্পূর্ক দেখিলা অতঃপ্র,

নিন্দি ইন্দীবর-শোভা, দর্শকের মনোলোভা, উচ্চ এক উঠেছে শিখর।

তথা পান্ধা-বিরচিত দেবরাজ বিরাজিত, খেতোপল ঐরাবতোপরে;

সমুধে ভূপতি কত, প্রতাপে তপন মত, সিংহাসনে সগর্ম বিহরে। তার মধ্যে তপোধন চিনিলেন এক জন-गशामी ताजा पूर्वग्राधन ; ছোট ছোট ভূপ কত অঙ্গে তার অবিরত করিতেছে চামর ব্যজন। यूनि कन गत्न गत्न, "योशी रुख नृशं मत्न

উচ্চাসনে বসিয়া কি ফল ?

- "রাজহংস-পঁক্তিমাঝে যথা বক নাহি সাজে. উপহাস্য হয় সে কেবল।
- " আরোহিতে উচ্চ পদে, বিশ্ব দেখি পদে পদে, माथा यिन यूद्र मन ভद्र,
- "ত্রাণ নাই কোন রূপে; অপমান অন্ধুকুপে, তখনি পডিয়া লোকে মরে।
- " উঠিলেও নাহি হুখ; ভয়ে मना काँ পে বুক; পাছে চক্র করি অরি-চয়,
- " যোগ পেয়ে ছলে, বলে, ঠেলে ফেলি মহীভলে, गर्स थर्स करत **म**पुन्त ।
- " यिनि मजा-जख-खानी, जिनिहे यथार्थ मानी, অন্য মানী জনে মিছা মানি;
- "লোকে যারে বলে 'মান', সে কেবল 'অভিমান'; পুৰুষাৰ্থ নাহি তাতে জানি।"
- অনস্তুর মুনিবর, সহ লোভ সহচর, যশো-কুঞ্জে চলিলা সত্তর;
- যথা বলি ইন্দ্রজিত, নীলকান্ত-বির্চিত, বিরাজিত মঞ্চের উপর।

\*\*

চেদিকে কেতক-বন নব পত্তে স্থাপাতন ফুল ছলে সহাস্থা বদন ;--গোরব সৌরভ আশে, বহু লোকে তথা আদে, করিতে সে মওপারোহণ। তত্নপরি দিব্যাসনে, বসেছেন কবিগণে; তার মধ্যে বাল্যীকি প্রধান। **७**क-शन-कवि याता, काँछी कूछि इस माता; না উঠিতে প্রথম সোপান। আর এক চমংকার, বিকট কর্কটাকার বৃশ্চিক সেখানে অগণন; গোসাঁই বুঝিলা বেশ, তাহাদের নাম 'ছেষ'; বুধগণে করে জুলাতন। অবোধ ভ্রমর সম ভুলেন কি দ্বিজোতম কেতকীর সুরভি আন্তাণে ? বুঝিয়া তাঁহার মন, তাঁরে যক্ষ বিচক্ষণ লয়ে যায় অশোক-উদ্যানে। 'প্রমোদ' তাহার নাম, কেবল প্রমোদ-গাম, নৃত্য, গীত, বাছের আকর ; পদ্ম-রাগ-বিরচিত যেখানেতে অধিষ্ঠিত চিত্ররথ গন্ধর-ঈশ্বর। তথা চাৰু তৰু-তলে, যুবক যুবতি দলে রস রঙ্গে রত প্রতিক্ষণ ; भक्तर्स, किवत भारत, नृष्ठा, भीष, दीना-चरन, मुक्षं करत मकरलत मन।

সম্মুখেতে মনোহর পীয়ুষের সরোবর, কোকনদ জিনিয়া বরণ;

পান-পাত্র লয়ে করে, কত লোকে সমাদরে, পান করে স্থাব কারণ।

লোভ বলে, " তপোধন, পুরাকালে দেবগণ এই স্থধা করিতেন পান;

" তুমিও তাঁদের মত, পানে হও অনুরত;
ফুঃখ হতে পাবে পরিতাণ।

"পীযুষ পানের বিধি নিজে দিয়াছেন বিধি ; তার সাক্ষী অলি, অলি-বধূ ;

"স্বভাবের অনুগত, ঝক্কারিয়া অবিরত, পুষ্পাপাত্রে পান করে মধু।"

কিন্তু মুনি বিচক্ষণ দেখিলেন কত জন, পান মাত ধরায় পতিত;

উত্তর দিলেন তাই, "হেন সুখ নাহি চাই, যাতে করে চেতনা-রহিত।"

অকন্মাৎ হেনকালে, বৃক্ষগণ অন্তরালে, পশু এক দিল দরশন।

দীর্ঘ-মুখ শীর্ণ-কার; যারে পার ধরে খায়; মেঘনাদ সমান গর্জ্জন।

ক্ষির হইল ভয়, দেখি লোভ হাসি কয়,
" ওটি পোষা কুকুর আমার।

" রোগ নামে খ্যাত ধরা, সকলেরে দেয় ধরা, বনৌষধি উহার আহার।" মুনি চতুরের সার বাক্যে কি ভূলেন তার?
দেখি যক্ষ সারখিরে কয়,

'মন্মথ-নিকুঞ্জ যথা শীড লয়ে চল তথা;

এখানে বিলম্ব নাহি সয়।"

অনন্তর গুইজনে, একতেতে হাউ মনে, উত্তরিলা মদন উচ্চানে;

পুরন্দর ধরু:-অরু. নানা-রত্নময়-তরু কামদেব-প্রতিমা যেখানে।

কুঞ্জের কি কব শোভা? সর্বজন মনোলোভা; বসস্তের বিহারের স্থান;

যুবক যুবতীগণে, আদিলে দে উপবনে, হৃদে আদি বিধৈ পঞ্চবাণ।

তথায় মাধবী-লতা, প্রাপ্ত হয়ে প্রবলতা, বকুলেরে জড়াইয়া ধরে;

সে আবার প্রেম ভরে, ধরি তারে শাখা-করে, কুসুম ছলেতে হাস্য করে।

মুঞ্জরিত কামশরে, কোকিল, পঞ্চম খরে, পঞ্চশরে মাতি করে গান।

প্রফুল মলিকা-ফুলে, অনুকুল অলিকুলে মহানদে করে মধুপান।

কুরক, অনক-রকে, কুরকীর মৃছ অকে, ঘন ঘন শৃক গিয়া ঘবে ৷

श्री ७ मिल श तरम, यूप्त वाशि मनानरम, প्राप्त यथ शुक्र-शतरम ॥

বিবিধ সুগন্ধ সহ মন্দ বহে গন্ধবহ; চ্মৎকার প্রভাব তাহার ; ভক্ষ বিটপীর গাত্ত মুঞ্জরে পরশ মাত্র; শবে যেন জীবন-সঞ্চার। মুনির প্রশান্ত মন টলাইতে আকিঞ্চন, কৌশল করিয়া যক্ষ বলে. " সত্য যুগে এই বনে, ইক্রাদি দেবতাগণে করিতেন ক্রীড়া কুতুহলে। " সুকুমারী কত নারী বসিয়াছে সারি সারি, করি সবে অপেক্ষা তোমার ; " यादनत वनन-छादन, माता निमि मानी काँदन ; সাক্ষী তার বরিষে নীহার। " যারে ইচ্চা তার সঙ্গে, রত হও রস-রঙ্গে, পিরীতি কুরীতি কেবা কয়? " পুর্বের সত্যবতী সহ, তব পূজ্য পিতামহ করেছিলা এখানে প্রণয়।" লোভ-বাক্যে কথঞ্চিৎ টলিল না ঋষি-চিৎ ৷ তাহে তাঁর শুভাদৃষ্ট ফলে, কাল এক ভুজঙ্গিনী দেখিতে পেলেন তিনি, **थक नीमस्त्रिनीत कुस्राल।** বিষম বিষের জালা সহিত না পারে বালা;---সকলক্ষ সুধাং ৩-বদন। বুঝিলেন তপোরাশি, অখ্যাতি সাপিণী আসি

त्म नातीरत करत्रष्ट मः भन ।

**এমন সময়ে শশী, निर्मि-ऋ**ष दिश्व मशी, তারে ফেলি গেল অস্তাচলে। কিছু পরে বিরোচন, দীপ্ত করি ত্রিভুবন, উठिलन गर्भनमञ्चल । দিবালোকে দিব্য-জ্ঞান, পান মুনি মতিমান; দূরে গেল সংশয়-আঁধার; দেখেন প্রলয়স্কর, কাল এক নিশাচর আসিতেছে পশ্চাতে তাঁহার। দেখিতে সে ছায়া ন্যায় পদ-শব্দ হীন তায়; চুপে চুপে জীবে আসি নাশে; বাহার নিকটে যায়, সে জন না টের পায় অকশাৎ পড়ে তার গ্রাদে। এ সকল ভয়ক্কর কাও দেখি মুনিবর পলাবার ভাবেন উপায়: সমুখেতে বেগবতী, বহে আশা-স্রোভম্বতী পার হেতু তরি নাই তায়। কিন্তু দৃঢ় করি মন, রথ হতে তপোধন বাষ্প দিয়া পড়িলেন নীরে: স্থবিস্তার পাট তার সম্ভরণে হয়ে পার, উচিলেন সম্বোষের তীরে। म (न क परनातम ! नाका ९ रिकलान नम !

পূৰ্ণানন্ধ তথা অধিষ্ঠান! শোক-তাপ-বিবৰ্জ্জিত! জ্ঞানি-গণ-মনোনীত,

দেবের ছন্ধ ভ সেই স্থান।

পরমার্থ কুঞ্জবন কিবা তথা স্থাপাতন;
গালে বথা মিলে মোক্ষফল।
তৃষ্ণা-নিবারণ-কারি নিরাশা-কাসার বারি
সন্মুখেতে করে টল টল।
নারদাদি ঋষিগণে, তটে বসি এক মনে,
বিভূ-গুণ করেন কীর্তুন;
গোসাঁই তাদের সঙ্গে, একত্রে মিলিয়া রক্ষে,
মহানন্দে হইলা মগন।
সে অবধি বুধগণে, সাবধানে, দৃঢ় মনে,

ত্যজি লোভ অধিকার, আশা-নদী হয়ে পার, সম্বোষ-প্রদেশে গিয়া রন।

শুক্রণ করি আচরণ.

# প্রভাত মধ্যাত্ম, প্রদোষ এবং রজনী

### প্রভাত।

প্রভাতের আবির্ভাবে, বিনোদ স্বভাব ধরিয়াছে আহা! কিবা মনোহর ভাব। তৰুণ অৰুণ করে হরে অন্ধ্রকার: আলোক দেখিয়া হৃদে পুলক অপার; নির্ধিয়া প্রভাকরে অম্বরে উদিত, বিমল কমল মুখে প্রিত প্রকাশিত; গোলাব প্রভৃতি ফুটে নানা জাতি ফুল; সৌরতে হইয়া মুগ্ধ গুঞ্জে অলিকুল; ললিত পঞ্চম-স্বরে কোকিল কুছরে : অয়ত বর্ষিছে যেন প্রবণ-কুহরে। স্বভাবের চাক ভাবে মুগ্ধ হয়ে, মন, কি হেতু ইহার মর্ম করনা গ্রহণ ? বাহিরে দেখিছ যাহা, অন্তরে আনহ তাহা, যদি থাকে স্থেচ্ছা ভোমার; 'মায়া-নিশা' বিনাশিয়া, 'জ্ঞানাৰুণ' প্ৰকাশিয়া, দুর কর 'কবিছা' আঁধার; পাইয়া জ্ঞানের কর, হবে পুলকিতান্তর 'প্রমার্থ-প্রেম' ভামরস: পাইবে 'সন্তোষ' সুধা, পান মাত্র যাবে ক্ষুধা, সদা তমি থাকিবে সরম :

পেয়ে কাল অনুকূল, শম, দম আদি ফুল
ফুটিবে এ হৃদয়-কাননে;
তাহাদের সাধু-গন্ধ, বিতরিবে মহানন্দ
গুণগ্রাহী সাধু-ভৃত্তগণে;
যদি শ্রুতি-সুখ-কর বিবেক পিকের স্বর
শ্রবণের পাকে অভিলাম,
স্প্রপ্রভাত-ভভ্ত্মণে, কর নিজ নিকেতনে
প্রভাত-ভভ্ত্মণে, কর নিজ নিকেতনে

#### मशाङ्ग ।

ভিন্ন ভাব দেখ, মন, দিবা দিপ্রছরে;
প্রথব সহস্ত-কর খর-কর করে;
রৌজ-দদ্দ কলেবর, তৃঞার আকুল,
মরীচিকা-জল-ভ্রমে ভ্রমে মৃগ-কুল;
স্থা অঙ্গে মিশাইয়া স্বীয় কলেবর,
প্রবল প্রতাপে বায়ু বহে দোরতর;
প্রত্থ তপন তাপে তাপিত হইয়া,
নিজ নিজ নীড়ে দ্বিজ রহে লুকাইয়া;
স্থাতল তবু তলে, পথিক স্কুল,
বিসিয়া, স্থামিষ্ট ফল করেন ভক্ষণ;
ক্ষণেক বিশ্রামে তথা শ্রান্তি হয় দূর;
পক্ষিগণ-গানে মনে আনন্দ প্রচুর ।

এখন শভাব-রূপ দেখ মন ষেই রূপ, সেই রূপ বুম এ সংসার ; 'মহামোহ' দিনকরে 'শান্তি' রস নাশ করে; 'ভান্ধি' কর করিয়া বিস্তার । অবোধ মানব-পশু, মুগত্ঞা-রূপ 'বন্ধু', 'সুখ' ভ্রমে ধরিবারে যায়; 'আশা' বায়ু ঘোর বহে, 'প্রবৃত্তি' অনলে দহে, शाम शाम विशेष घठाय । 'ধৈষ্যা' 'দয়া' শুক শারী, তাপেতে থাকিতে নারি, নির্ভির ছারায় লুকায়; 'ভক্তি' পরভূতা স্থাধ প্রণাব উচ্চারে মুখে; ভক্ত-জন-শ্ৰবণ জুডায়। তুমি হে "পথিক, মন," মিছা ভম কি কারণ ? বৈসহ নিবৃত্তি-তৰ্ক-তলে ; মধুর ভক্তির গান স্থাং শুন, মতিমান, ক্ষুণা হরি সন্তোষের কলে ;

#### প্রদোষ।

দিবা শেষে পরিহরি গগন মণ্ডল হীন-কর দিনকর যান অন্তাচল ; দিনপতি দীন অতি করি দরশন নলিনী মলিনী হয়ে মুদিল নয়ন ; পশ্চিমে, বিবিধ-বর্ণ আছর নিকর
আছর অরপ শোভে আছর উপর;
আহা ! কিন্তু তাহা পুনঃ, কণকাল পরে,
রজনীর আগমনে মান তাব ধরে !
তিমিরে পূরিল বিশা, দৃশ্য কিছু নম;
পূর্বকার শোভা-চয় সব হলো লয় ৷
ভাগ্ত পান্থ, দিনাস্ত না করিয়া নির্ণয়,
অকশাৎ অস্ককার হেরি সবিশায় ৷

- দেখি স্বভাবের ভাব, কর কিবা অনুভাব ? ভাবি কাল ভাবি দেখ, মন;
- 'পরমায়ু' দিনকর, অতি অপ্প দিন পর, অস্তাচলে করিবে গমন।
- মৃত্যু-রূপা নিশা আসি, মুখ-পাছ-শোভা নাশি, অন্ধ্বনারে ব্যাপিবে নয়ন;
- ভবের বিভব সব, কি প্রকারে অনুভব তথন করিবে তুমি, মন ?
- কিঞ্চিৎ থাকিতে প্রাণ, মেঘবৎ হবে জ্ঞান দারা, স্কুত আদি পরিবার;
- নানা বর্ণে স্থগোভিত, করিবেক বিমোহিত, ক্ষণে দেখা না পাইবে আর !
- অবোধ পথিক মত, হেরি ঘোর নিশাগত; দে সময় হইবে তাপিত;
- তাই বলি, এই বেলা, ত্যজি এ মারার খেলা, চিস্ত মন আপনার হিত।

#### तक्रमी।

হাসি হাসি আসি শশী, বসিয়া আকাশে,
শুক্র-বাস রজনীরে পরায় উদ্ধাসে;
সে রস নিরখি তার তারা-দারা-গণ
কর্ম্যায় হয়েছে বুঝি বিরস বদন;
হখায় প্লাবিত দেখি গগন-মণ্ডল
চকোরের মনোমধ্যে অতি কুতৃহল;
হখাময় শশি-করে, হর বিত মনে,
নারিকা বঞ্চছে নিশি নায়কের সনে;
বিধু আস্ত্যে, মৃত্রাস্ত্যে, কোমুদী প্রকাশে;
দেঁখী-ছলে তারাগণ শোভে ভালাকাশে;
চতুর রসিককান্ত, চকোর সমান,
আদরে অধর স্থা করিতেছে পান।

মজি, মন, কাম-রসে, সামান্য-যুবতি-বশে,
কত মায়া-বামিনী যাপিবে ?
প্রকৃতি সতীর প্রতি রাখ নিজ গতি, মতি;
বিচ্ছেদের দায় এড়াইবে।
হুদাকাশে আপনার, মুচাইতে অন্ধকার,
প্রকাশহ 'বোধ' হুধাকরে;
অলীক-বোসনা' যত, জ্যোতিঃ হারা তারা মত,
সমাস্কুল্ল হবে তার করে।

যখন সে স্থাধার, জ্ঞানময় স্থা-ধার,
হ্বাকাশে চালিবে নিয়ত,
পুক্ষার্থ-লোভ-রপ চকোর, হয়ে লোলুপ,
অবিরত পানে হবে রত।
বুদ্ধিমন্ত হয়ে, মন, ভান্ত রহ কি কারণ?
ইঙ্গিতে সন্ধান বুঝে লও;
বিগত হতেছে কাল; কাট শীত্র মোহ জাল;
এই বেলা সাবধান হও।

# জাগর্ত্তি, সুষুপ্তি ও স্বপ্ন।

### জাগর্তি।

भया मातावात. यन, मह कमलिनी পোহালে পরম স্থথে শারদ যামিনী; উদ্মীলিত আঁখি পদ্ম রবির উদয়ে. তবু কত চিম্বাতমঃ বিহরে হৃদয়ে; লোক-লাজে প্রাণপ্রিয়া কামারে ত্যজিতে. কত শোক কর ভোগ কে পারে বুঝিতে? এখন সভফ নেত্রে দেখিভেছ যারে. দত্তেকের মধ্যে, মন, ভুলে যাবে তারে; বিষয়-সাগর ঘোরে এখনি পডিবে: কোথায় প্রণয়, কোথা প্রেয়সী রহিবে? অনন্তর প্রেম-তীর পরিহার করি. আশা-নীরে ভাসাইয়া চিন্তা-রূপ-তরি. বিত্ত-জল-বিষ হেতু হইয়া আকুল, অকুল পাথারে আর নাহি পাও কুল ৷ অথবা পাইয়া ভাল উৎসাহ বাতাস. যশোরাজ্যে যেতে মিছা করিছ প্রয়াস ৷ এই রূপে রুখা দিন করিয়া যাপন, হয়ে প্রান্ত তবু কান্ত নহ, ভান্ত মন; প্রদিন কি করিবে এই ভাবনায়, প্রথম প্রাহর নিশি গত হয়ে যায়:

দ্বিশাম যামিনী হলে, মুবতী কাপ্তায় সময়ের গুণে মনে পড়ে পুনরায়; রস-রক্ষে, তার সঙ্গে প্রেম-আলাপনে, যথেষ্ট আমোদ বোধ হয় বটে মনে; কিন্ধ সে নশ্বর সুখ জানত, রে মন ; তবে কেন তার প্রতি আসক্তি এমন ? কাম, ক্রোম, লোভ, মোহ আদি রিপুচয় নয়নে নিদালী তব দিয়াছে নিশ্চয়; জ্ঞান-নেত্র নিমীলনে, এ নেত্র থাকিতে, আপনার হিতাহিত না পাও দেখিতে; কাল-রূপ-ব্যাল তব শিয়রে বিহরে. দেখিতে না পাও তারে মন্ততার ভরে: ঐহিক বিষয় সুধু করি অবধান, জাগ্রত রয়েছ বলি কর অভিমান: চৈতন্য প্রভুরে কভু ভাবিলে না মনে, যথার্থ কৈতন্য তবে পাইবে কেমনে? যদি রিপুগণ সব পরাজিত হয়, ইন্দ্রিয় সকল যদি বশীভূত রয়, অনিত্য, সামান্য অর্থে হইয়া বিরত, নিতা প্রমার্থে যদি চিত্ত হয় রত. হৃদয়ে যদ্মপি হয় জ্ঞানের উদয়, জাগর্ত্তি তাহারে বলি: জাগর্তি এ নয়।

# সুযুপ্তি।

ŧ o

নির্মল, সুশীতল সুধাকর-করে, দ্রগ্ধ-ফেণ-নিভ স্থুখ-শয্যার উপরে, স্বৰ্ণ-লতা-সমা প্ৰাণ-প্ৰেয়সীর পাশে, সুপ্ত ছিলে এতক্ষণ বাঁধা ভূজ-পাশে; দিবদের ক্লেশ লেশ ছিলনা অন্তরে; 'চিন্তা' নিশাচরী ছিল লুকায়ে অন্তরে ; অনঙ্গে অবশ অঙ্গ প্রিয়া-সমাবেশে স্পন্দ হীন হয়েছিল নিদ্রার আবেশে; শিথিল ইন্দ্রিয় সব ছিল যেন শব, কেবল নিশ্বাসে হতো প্রাণ অনুভব; হেন কালে জলদের গভীর গরজে, ভাঙ্গিল ঘুমের ছোর নয়ন-সরজে। সুষুপ্তির ভোগে ভাল তৃপ্তি পেলে, মন; মহা নিজা একবার কররে স্মরণ। কোথা রবে তখন এ শয্যা স্থবিমল ? যার কাছে হারিয়াছে কোমল কমল। রূপে জিনি ক্ষণ-প্রভা, ক্ষীরোদ-সম্ভবে. क्रि-विलामिनी-कासा वल काथा त्रव ? একামাত্র রবে তুমি শ্মশানে শয়ান ; ধূলায় মলিন হবে নলিন-বয়ান। বিষ-প্রতিবিদ্ধ চারু নধর অধর রক্তাভাবে পাণ্ডবর্ণ হবে অতঃপর।

श्लालार्वात य कर्णाल निक्तिष्ट अथन, কিরপ বিরূপ হবে ভাব দেখি, মন ? প্রেয়সীর প্রেম-পূর্ব-পীযূষ-বচন, যে প্রবণ অনুক্ষণ করিছে প্রবণ ; আহা! তাহা একেবারে বধির হইবে ; কিছুতেই তারে পুনঃ জাগাতে নারিবে। নিন্দি ইন্দীবর তব যে ছুই নয়ন প্রিয়া-চাঁদ-মুখ হেরি সুখী প্রতিক্ষণ,— সীমাহীন অন্ধকারে মুদ্রিত রহিবে; সে সময় কিছু আর দৃশ্য না হইবে। কদম্ব কুমুম সম, উল্লাসের ভরে, প্রিয়াক পরশ মাত্র যে গাত্র শিহরে.— যে কর প্রেয়সী বক্ষে করিয়া স্থাপন মদন রাজারে কর কর সমর্পণ,---চিতার সহিত সব পুড়ে হবে ছার; কোন অংশে না থাকিবে পূর্ব্বের আকার। কিম্বা, ভাগ্য দোষে, থাকি শ্মশানে পতিত, इरव जीर्न, कीर्वाकीर्न, शनिज, शनिज। অনিত্য, অস্থায়ি এই শরীর তোমার; কি হেতু ইহাতে এত ম্বেহ কর আর ?

#### স্প্র।

क्रेय९ निष्ठांत वर्ष पूषित्रा नव्रन, निर्भारस परिल, मन, विधित्र स्थान। অতি উচ্চ অট্টালিকা পর্মত আফতি ইচ্ছামাত্র পেয়েছিলে করিতে বসতি;— পূর্ব্ব ভাগে তার কিবা অপূর্ব্ব দালান ! একটি খিলানোপরি ছিল অধিষ্ঠান; স্তম্ভগণ ছিল তার স্ফাটিক রচিত : ক্রচির প্রাচীর সব প্রবাল-খচিত; ঘরে ঘরে, থরে থরে হীরা, মরকত, পদারাগ মণি সহ বিরাজিত কত. ভাণ্ডারেতে রাশীকত রজত, কাঞ্চন, रेकलान, सरम्ब नम, हिल समर्भन; আত্মীয়-স্বজন-গণ-মণ্ডিত ভবন; माम, मामी, मल, यल मक्त अर्गन ; সারি সারি প্রতিহারী প্রত্যেক ফাটকে; গজে পূর্ণ গজশালা; মন্দুরা, ঘোটকে; আরাম কি ছিল আহা! বিরামের স্থল; ছায়াযুক্ত-তৰ্ভল কিবা স্থশীতল! ফল-ফুল-পরিপূর্ণ জন-মনোলোভা; নন্দ্ৰ কান্দ্ৰ সম ছিল তার শোভা; মধ্যক্ষিত সরোবরে, মধুকর দলে দলিত কমলদল অতি কুতৃহলে। এ সকল স্বকম্পিত সম্পদ পাইয়া, यम-भर्त्स हिल यन, आश्रना जुलिया ; এমন সময় আহা। সে সুখ স্পন. নিজা-ভঙ্গে, নিজা সঙ্গে হইল গোপন;

কোথা লুকাইল সেই হর্ম্য মনোহর ? কোথা গেল উপবন? কোথা সরোবর? অতুল ঐশ্বর্য্য—যাতে ভুলেছিলে, মন, বল দেখি সে সকল কোথায় এখন ? এমনি জানিবে নব ভবের বিভব: চরমে স্বরূপ-রূপ হবে অনুভব। অশ্ব, রথ, গজ, গৃহ আদি ধন, জন-স্বপন সমান জ্ঞান হইবে তথন; আজন্ম বিষয়াশয়ে করি পরিশ্রম, সে সময় পাবে টের আপনার ভ্রম: র্থামোদে হারাইয়া মোক্ষ-স্থ-ভোগ, আপনারে আপনি করিবে অনুযোগ; অসার হইবে বোধ মায়ার সংসার; জানিবে কেবল সার বিশ্বের আধার।

### আশা, প্রমোদ ও প্রেম।

-4/+

অস্তাচলে যে সময় যান দিনকর. নভো-দেশে কিবা শোভা ধরে জলধর। রক্ত, পীত, নীল আদি বিবিধ বরণ-অন্তরে থাকিয়া করে অন্তর হরণ। কিন্তু সে স্থচাৰ-শোভা সুধু বাষ্পময়; চিত্র-ভারু করে চিত্রকর। সমুদয় । বারেক যদ্যপি বহে প্রবল বাতাদ, একেবারে সে সকল ছবি হয় নাশ। তেমতি অসার এই আশার আখাস: দুর হতে মনোমধ্যে কতই বিশ্বাস; ভাবী-মুখ ভাবনায় মোহিত হৃদয়, বর্ত্তমান ক্লেশ কিছু অনুভূত নয়। ভাগ্যবলে বাঞ্চা-ফল যদি কেছ পায়, তৃপ্তি নাহি হয় তার ভ্রম কিন্তু যায়; ছুর্ভাগ্য-সমির যদি নিদারুণ বয়, আশার মায়ার জাল ছিল্ল ভিল্ল হয়। আমোদ কিসের মত? জলবিম্ব প্রায়-ক্ষণেকে উদ্ভব হয় ক্ষণেকেই যায়; লজ্ঞালু-লভার ন্যায় অতি স্বদর্শন, পরশ করিবা মাত্র স্লান সেইক্ষণ; किश शूक्रामा यथा मगाधि-यन्तित,

শোক আবরণ মাত্র, স্কুদুষ্ঠ বাহিরে।

পিরীতি জলধিবং দুস্তর বিষম; যুবক নাবিকদের অতি মনোরম। স্মচতুর সাবধানী যেই কর্ণধার, রমণী-তরণি লয়ে হয় সেই পার। বিশ্বাস-বাভাসে পালি দিয়া মনোমত. রস-রস্ক-তরক্ষে ভাসিতে হর্ষ কত! মানের আবর্ত হতে ফিরাইয়া তরি, আপনারে ধন্য মান শ্লাঘা মনে করি: কিন্তু ছল মসিনায় পড় যদি ভুলে, আক্ষেপের দীমা নাই পড়িয়া অকুলে; অথবা বিচ্ছেদ-শৈলে ঠেকি, একেবারে ছাডা ছাডি যদি হয় তরি, কর্ণারে, উভয়েই ভগ্নদশা, মগ্ন শোক-নীরে; কিছু নাই উপায় আসিতে পুনঃ ভীরে।

## विम्या এवर धन।

----

कमा शीलांक शास यानम-कानान. লক্ষ্মী, সরস্বতী সহ বসি একাসনে, হঠাৎ হরির মনে উপজিল ভাব, ত্ব সভিনে দ্বন্ধ বিনা হয় রসাভাব; তাহে মনে জানিতেন বৈকুঠের পতি, হরিপ্রিয়া নামে রমা ছিলা গর্ববতী; খণ্ডিতে তাঁহার সেই মিথ্যা অভিযান. যথোচিত ভারতীর বাডাইতে মান, चन्द्र-श्रिय नात्रापत कतिया न्यत्रन, সঙ্কেতে কহিলা তাঁরে আপন মনন, অভিপ্রায় বুঝি মুনি, সরস অন্তরে, কমলা, সারদা প্রতি কন যোড করে; " উভয়ে ভোমরা মাতা প্রভুর বনিতা, "জগদাদ্যা, সুরারাধ্যা, ত্রিলোক-বন্দিতা, " তোমাদের চরণে করিতে নমস্কার. '' এখানেতে আগমন হয়েছে আমার ; '' কিন্তু কুদ্ৰমতি আমি নাহি জ্ঞান লেশ— " কেবা বড কেবা ছোট, না জানি বিশেষ; " দুই জননীর মধ্যে বড হন যিনি, " অত্যেতে প্রণাম মম লইবেন তিনি ৷" একথা শুনিবা মাত্র, ক্ষীরামুধি-স্থতা আশীর্কাদ করিলেন হয়ে হর্য-যুতা।

তাহা দেখি কোপ-পূর্ণা দেবী সরস্বতী, আরক্ত নয়নে কন কমলার প্রতি-" কিনে তুমি বড় জ্ঞান কর আপনারে ? "জোনাকী হইয়া চাহ রবি ঢাকিবারে? " শ্রুতি, স্মৃতি, যন্ত্র, মন্ত্র, আগম, নিগম, " আমাহতে সকলেরি হয়েছে জনম; " সনাতনী শক্তি আমি খ্যাতা ত্রিভুবনে, " সে দিনে উদ্ভব তব ক্ষীরোদ-মন্থনে : " মম বরে পায় লোক চতুর্বর্গ-ফল ; " এক ফল দিতে তুমি পারহ কেবল ; " তাহাও সম্ভানগণে একবার দিয়া, " তখনি হরণ কর নির্দয়া হইয়া ;---" তোমার গুণের কথা কহা নাহি যায়. " চঞ্চলা বলিয়া নাম বিখ্যাত ধরায়: " কি ভাবিয়া অতো মম, করি অহস্কার, " নিলে বল নারদ খবির নমকার ?" শুনিয়া বাণীর বাণী ক্রোধেতে জুলিয়া, কহিতে লাগিলা রমা ঐহরি চাহিয়া; '' দেখ নাথ মিছামিছি, সমুখে ভোমার, " আমারে মুখরা সতা করে তিরকার। " জগতের পতি তুমি সবার প্রধান, " তোমাহতে বৃদ্ধি সুধু উভয়ের মান; " স্বেহেতে আমারে করি প্রধানা রমণী, " মম নামে খ্যাত তুমি হইলে আপনি;

'' তাই ত তোমারে সবে শ্রীশ বলে থাকে ; " সরস্বতী-পতি বলি কে কোথায় ডাকে <u>?</u> ''যদিচ করস্থ মম সুধু অব্থ-কল; " সে ফল বিছনে দেখ বিফল সকল। " প্রাণ-পণে বণিকেরা, ধন-লাভ আশে, " হুন্তর সাগর পার হয় অনায়াসে; '' কত লোকে, মুক্তাফল পাবার কারণ, " গভীর সিন্ধার গর্ভে হতেছে মগন ; " স্বর্ণ, রোপ্য আদি ধাতু লভিবার ভরে, " হুর্থম-ভূধর খনে কত শত নরে ; " এমন হলভি ধন, আমার রূপায়, "মম প্রিয় পুত্র গণে সহজেতে পায়; " সতিনীর স্বত যত তাদের অধীন, " দাসের মতন সেবা করে চির দিন । '' মম পুত্র মাঝে হেন হত-ভাগ্য কেবা " বিমাতৃ-সন্তানদের করে গিয়া সেবা?" শুনিয়া শেষের শ্লেষ, ক্লেশ-পূর্ব-মনা পদ্মালয়া প্রতি কন খেত-পদ্মাসনা: " নানাঞ্জে গুণী যত আমার তনয় '' তোমার কুমারদের মত অজ্ঞ নয়;

'' প্রতিক্ষণ অর্থের হতেছে প্রয়োজন ; '' ইহা মনে জানি ভাল মম স্কুতগণে

" ইতর সামান্য অর্থ সাধন কারণ

'' ধনীদের কাছে যেতে ক্ষতি নাহি গণে ;

'' জ্ঞান চক্ষঃ বিহনেতে তব পুত্ৰ যত " আপন অভাব কেছ নহে অবগত, '' তাই তারা বিদ্বানের কাছে নাহি যায়; " দিব্য দিবালোক যথা পেঁচায় না চায়।" ভারতী-ভারতী শুনি, মুচকি হাসিয়া, উভয় জায়ারে হরি কন সমোধিয়া; '' তোমাদের পরস্পর-বিবাদ ভঞ্জন " এখানে করিতে পারে নাহি হেন জন: " তৈলোক্য-বিজয়ী বীর বলি, মহাবলী; " যার ভয়ে কম্পমান অমর-মওলী: '' সে ভিন্ন নারিবে অন্যে করিতে বিচার ; " অতএব চল যাই নিকটে ভাহার।" ইহা বলি, খগধ্বজ রথ আনাইয়া,— চলিলেন চারিজন তাহে আরোহিয়া। নিমেষের মধ্যে রথ, বিছ্যাৎ-গমনে উপনীত হলো আসি বলির সদনে। লক্ষ্মী, সরস্বতী আর নারদ সহিত, নারায়ণে নিকেতনে দেখি উপস্থিত, কুতার্থ মানিয়া মনে, দুরুজ-ঈশ্বর পাছ্য, অর্ঘ্য দিয়া পূজা করিলা বিস্তর; ভার পর মণিময় সিংহাসনোপরি বসাইলা চারিজনে স্মাদর করি : অন্তর জিজ্ঞাসা করিলা যোড করে:

" কি মানসে পদার্পণ আজি ভৃত্য ঘরে ?"

প্রীপতি বলেন " বলে, তুমি মতি-মান, " আসিয়াছি তোমারে করিতে বরদান; " পদা, वानी এই हुई खायात शहनी, " প্রত্যেকতে ভিন্ন ভিন্ন ফল-প্রদায়িনী; " কমলা দেবীর রুপা যদি তুমি চাও, " শত মুর্খ লয়ে স্থাখে সর্গগামে যাও; " ব্রান্ধীর প্রসাদ যদি হয় মনোনীত, " রসাতলে থাক লয়ে একটি পণ্ডিত **৷**" একথা শুনিয়া, বিরোচনের বন্দন कत-श्रु ि नातात्रात करत निर्वामन ; " মূর্খ লয়ে স্বর্গ-ভোগ বিড়ম্বনা সার ; " এক সঙ্গে শ্রেয় মানি পাতালাধিকার। " নশ্ব সম্পদ, ধন,—চিরস্থারি নয়,— "জ্ঞান-ধন কোনকালে ক্ষয় নাহি হয় :— " জ्ञान-माजी, अल्माजी वागी महारमवी; " জ্ঞানালোক পায় লোকে যাঁর পদ সেবি.-" উহাঁর চরণে ষেন থাকে মম মতি, " এই বর দেহ মোরে বৈকুঠের পতি। " বিছা আর বীর্য্য বলে, জগত সংসার " অনায়াসে হতে পারে সব অধিকার; " সামান্য ঐশ্বেয় यकि यक्त सम सन, " লুটিয়া আনিতে পারি কুবেরের খন ; "জ্ঞান-ধন স্থলভ ত নছে সে প্রকার; " সারদার ফুপাবিনা মিলা বড় ভার ।

" অতএব অত্যে আমি বাণী-বর চাই; " সোণায় সোহাগা যদি লক্ষ্মী-বর পাই।" বলিরাজ-বচন শুনিয়া, সভামাঝে পদ্মালয়া পদ্মুখী অধ্যেমুখী লাজে; নারদ কহিছে " মাতঃ কেন কর লাজ? বিবাদ ভাঙ্গিল আর ধাকিয়া কি কাজ?

# আলস্য এবং পরিশ্রম।

---

কলির প্রারম্ভে, কোন নগর বাহিরে, ক্ষুদ্র এক অন্ধকার পাতার কুটীরে, ( পৃতি-গন্ধ সদা যথা বহিত প্রন, শীত, গ্রীম্ম, বরষার ছিলনা বারণ) भीर्न-काशा वक नाती, जीर्न-वात्र-शता. তৈলাভাবে শুক্ষকেশী, জটা-জ্টধরা, পতি সহ অতি কফে জীবন যাপিত; 'দরিক্রতা' নামে তারে সকলে জানিত। ভিক্ষা করি কোন দিন খাইত হুজন; কখন বা অন্নাভাবে হত অনশন। ' আলস্য' পতির আখ্যা—রূপ মনোহর ;-অথচ সামৰ্য্যহীন—উঠিতে কাতর— সে হতে কেমনে হবে ভোজনায়োজন ? শয্যা-ছাড়া ক্ষণেক না হত যেই জন। কালে 'দরিদ্রতা' এক পুত্র প্রসবিল; দম্পতির হুঃখ-সিদ্ধু আরো উথলিল। তনয় হইল পঙ্গু; অন্থি, চর্ম্ম সার; হস্ত পদ রুশ; কিন্তু পেট দীর্ঘাকার; বদন পাণ্ডুরবর্ণ; পাণ্ডুর কয়ন; 'রোগ' তার নাম দিল প্রতিবাসি-গণ।

ক্রমে যত সেই পুত্র বাডিতে লাগিল, আরুতি ভাহার আরো বিরুত হইল। তা দেখি জননী চক্ষে ধরিত না জল. শতধারা হইয়া বহিত অবিরল। দৈবাধীন এক দিন, তৃণ আনিবারে, 'দরিক্রতা ' গিয়া কোন প্রান্তর মাঝারে, (मिथल क्रयक थक, विलर्छ गठन, করিছে কুদাল লয়ে মৃত্তিকা-খনন ৷ রোদ্রে তার তামু-বর্ণ বদন-মণ্ডল: বিন্দু বিন্দু যাম-কণা ভালে সমুজ্জ্বল ; হেরিয়া মহিলা-মনঃ অমনি মোহিল; নারী দেখি তার প্রেমে যুবা ও মজিল: ব্যপ্র হয়ে নিকটে সে করিয়া গমন, মুমুভাষে করিতে লাগিল নিবেদন; " পরিশ্রম' নাম মম এই গ্রামে বাস; " নিরলস ক্ষিকার্য্য করি বারো মাস: " অন্য কোন ক্লেশ লেশ কভু নাহি পাই, " এক কষ্ট—গ্ৰেহেতে গৃহিণী মম নাই; " যদি তুমি কর মম এছঃখ-মোচন, " তব হুঃখ-ভার স্থামি করিব হরণ ; " ত্যজি ও মলিন-বস্ত্র পর চাক-বাস ; " তৈল দিয়া পরিকার কর কেশ-পাশ ; " গৃহ-লক্ষী হয়ে তুমি থাক মম ঘরে ; '' অন্ন-বন্ত্র হেতু আরি ভেব না অস্তুরে।"

মেনভাবে রমণী অমনি দিল সায়: নব-নাথ সহ হর্ষে নব বাসে যায়। উভয়ের প্রণয় বাডিল দিন দিন: আহলাদের পারাবারে ভাসে মনো-মীন। দশ মাদ না যাইতে, প্রমের ঘরণী প্রসবিল এক কন্যা, পার্টল-বর্নী, এমন স্থারূপা মেয়ে, এমনি উল্লেলা, জ্ঞান হলো জন্ম নিলা আপনি ক্মলা। হস্ত-পদ কোকনদ; পদ্ধজ বদন; বিম্ব জিনি ওষ্ঠাধর; হরিণ নয়ন ৷ ক্রমশ ছহিতা যবে বাডিয়া উঠিল. ' স্বস্থতা' নামেতে গ্রামে বিখ্যাতা হইল। কত দিন পরে, পরিশ্রম-দোহাগিনী গর্ভেতে আবার এক ধরিল নন্দিনী: প্রসবের কালে কিন্তু জননী মরিল; জনক ভাহার নাম 'সম্পত্তি' রাখিল। किश्वमञ्जी छनि (इन, योवन-मग्र নগরেতে গেল কনা তাজি পিতালয়: সেখানে আলস্য ফাঁদে পডিয়া ললনা পাইল যাতনা যত না হয় বৰ্ণনা ।

### কাল এবং আশা।

১ দাঁতায়ে প্রাচীন ইন্দ্র-প্রন্তের উপরে.--বে নগর পাওবের ছিল বাসস্থল,---দেখিলাম এক হর্ম্যা রচিত প্রস্তারে ভূমি-মগ্ন, खुशाकांत, यम क्रुकांच्ला । मिनमनि, वित्र <del>अख-</del>- शर्त्ता कियात. মণ্ডিত করিছে তারে নিজ স্বর্ণ-করে। যোজন-পর্য্যন্ত তথা নাহি জনালয়: निर्जय अन्तरम मना ज्या निर्वाहस । ২ অকমাৎ দেখিলাম, ছায়ার আকার টিবীতে বসিয়া আছে জনেক ক্ষাণ : বালির ঘটিকা-যন্ত্র বাম করে তার, দক্ষিণে কর্ত্তনী এক. অভি ধরশান। নমভাবে গিয়া আমি ভাহার গোচর, সুধালাৰ " ওছে বৃদ্ধ কৃষক প্ৰবর, **এ तृह९ अक्टोनिका शृद्ध हिल कात** ? কিরপে এরপ দশা ঘটিল ইহার ?" ৩ রাগেতে কহিল সেই ক্লাণ তখন: " জানিস না আমি 'কাল' ? ওরে তুরাচার कि इदं कामिया कांत्र हिल ७ एवन ? পূর্বে যার ছিল তার, এখন আমার।

কো্থা দে পাণ্ডব পঞ্চ? কোথা ছর্ষ্যোধন? চিহ্ন নাই রাজ-সুয়-যজ্ঞের এখন; জিজ্ঞাসা করিলে 'কোথা সে সব নুমণি ?' 'কোথা' 'কোথা' বলিয়া উত্তরে প্রতিধ্বনি। ৪ " গর্বে করি খনি নর ভূধর ছুর্গম, শিলা আনি রচে হর্ম্য বিবিধ কৌশলে, হাসি আমি দেখি তার রূথা পরিশ্রম, অবশেষে চুর্ণ করি ফেলি পদতলে। কত ভূপ নিজকীর্ত্তি রাখিতে জীবিত, উঠায় বিজয়-স্তম্ভ স্থনামে অক্কিত; হয় আমি ওঁড়া করি সে সকল থাম, নতুবা সে রাজাদের মুচে ফেলি নাম। ৫ " এই যে বালুকা-যন্ত্ৰ আছে মম হাতে, নিয়ত ইহাতে আমি মাপি অবসর; ফুরায় যাহার বালি, এই অক্তাঘাতে তাহারে তখনি আমি বিনাশি সতুর । মানুষ ও মানুষের কার্য্য সমুদায় ক্ৰমে ক্ৰমে নাশি আমি আপন ইচ্ছায়, পারু বা অপারু বলি নাছি করি ভেদ. এই কর্ত্তনীতে করি সবারি উচ্ছেদ। ৬ " লইতে পরের তত্ত্ব উৎস্থকী বিশেষ, ভুলিয়া আছিস্ তুই আপন বিষয়; পরমায়ুং-বালি ভোর প্রায় হলো শেষ, এই বেলা কর গিয়া যাহা ভাল হয়।

धरे यस वालिश्ना य पूर्र्ड रूरत, আর না পারিবি তুই থাকিতে এ ভবে; যদ্যপি মিনতি, স্তুতি করিস তখন, সে সকল হবে মাত্র অরণ্যে রোদন !" ৭ কালের পরুষ-বাক্য করিয়া প্রবণ. তুঃখেতে হইল পূর্ণ আমার হৃদয়। ভাবিলাম রুখা এই মানব জীবন; वल, वृद्धि, यभः, कीर्डि वृथा मपून्य । সকলি অনিত্য যদি এই ধরা-ধামে. मृजुा वहे आत किছू नाहे शतिगारम, নশ্বর বিষয়ে কেন করি আকিঞ্চন ? করিব সংসার ত্যজি সন্ন্যাস-গ্রহণ। ৮ এমন সময়ে স্বৰ্গ হতে অবভরি. नवीना त्रभी अक मिल मृत्रभन: मानव-महिला-भेश जिनिया स्क्ती; দক্ষিণ করেতে দুর-বীক্ষণ শোভন। হাসি হাসি সুধামুখী কহিল আমায়; " শুনিয়াছি কাল যাহা বলেছে ভোমায়; উহার কথায় কেন ত্যজিছ উদ্যম? সংসার অসার বলা সুধু মাত্র ভ্রম। ১ " লয়ে এই দৃষ্টি-যন্ত্র কর নিরীক্ষণ, সন্মুখেতে সীমাহীন সোভাগ্য জলধি— কালের কি সাধ্য করে তোমারে নিধন > আত্মার কি মৃত্যু আছে ? স্থায়ী নিরবধি---

কীর্ত্তির যা চিহ্ন তাহা হতে পারে ক্ষয়: কিন্তু 'কীৰ্ত্তি' কদাচিৎ লোপ নাহি হয়। यमि পा अवरमंत्र नाई ताक्यांनी. তাদের যশের তবু হয় নাই হানি ! ১০ " মানুষের কর্ম্ম নয় কালের অধীন; মৃত্যু পরে তার ফল আত্মাসহ বায়। সংকর্মেতে নিযুক্ত থাকিবে প্রতিদিন; চরমে পরম স্থুখ লাভ হবে ভার। ত্ৰিদিব বাসিনী আমি, নাম মম আশা: লোকের হিতের জন্য মর্ত্য লোকে আসা। यथन वियान-मर्थ (पश्चि कार्ता मन, তখনি তাহার ছঃখ করি বিযোচন। ১১ "দেখ কত জ্ঞানিগণ আযার বচনে, ত্তর বিদ্যার সিদ্ধু অনায়ানে তরে; কত বীর প্রাণ দেয় শক্রসনে রণে; সদেশের স্বাধীনতা সাধিবার তরে ৷ আমার আশ্বাস পেয়ে, যত কৰিগণ যত্ত করি কত কাব্য করে প্রথয়ন। পারে কি হরিতে 'কাল' তাহাদের নাম ? याहारमत बर्म शूर्व ७३ शृथी-धाम ।" ১২ শুনিয়া আশার বাণী, আমার স্থদয়ে পুনরায় উৎসাহের হইল সঞ্চার; কোমল কমল যথা রবির উদয়ে আবার প্রচার করে শোভা আপনার।

#### कान अर्दर जाना।

সে অবধি আমি এই করিয়াছি পণ, সৎকর্মে করিব সুধু জীবন ক্ষেপণ; ইহাতে ঈশ্ব-ক্ষপা যদি লাভ হয়, কালের করাল অস্ত্রে কিসে তবে ভয়?

## मू ३थ।

'ডুঃখ,' তব এই ভীম নাম উচ্চারণে, ভায়ের সঞ্চার কার নাহি হয় মনে ১ দেখি ও করাল, কাল মূর্ত্তি ভয়ঙ্কর, পাষাণ সমান বক্ষঃ কাঁপে থর থর । যে কোন স্থানেতে তব হয় পদার্পণ, তখনি সে স্থান হয় মৰুর মতন; শুকায় তৃণের দল তব পদ-তলে, পুষ্পা সব ল্লান হয় নিখাস-অনলে। দেখি হেন ভীষণ ব্যাপার সমুদায়, 'নরক-রক্ষক' বলে সকলে ভোমায়। ফলে ইথে তাহাদের জানা যায় আড়ি। পর দোষ ধরে সবে নিজ দোষ ছাড়ি সভ্য বটে, সাধু আর পাপী মতি-হীনে উভয়েই কফ পায় তোমার অধীনে, কিন্তু এ দুয়ের প্রতি অছাপি তোমার দেখি নাই কখন সমান ব্যবহার। ক্লেশে কভু সাধু-চিত্ত হয় না বিকল, चूरार्व विवर्व यथा करत ना जनन ; ভার বিপরীতে দেখ ছর্চ্ছনের মন, **ज़** १ ज़्य करत विशेष-प्रह्म ।

.13

মোহিনী ভগিনী তব, নাম যাঁর 'আশা,'
হন তিনি ধার্মিকের সদা ক্লেশ-নাশা,
বর্ত্তমান কন্ট হতে আকর্ষিরা মন,
চরম-পরম-পদ করান দর্শন।
পরছেমী, পরিবাদী, পাপমতি যারা,
সঙ্কটে তাঁহার দেখা নাহি পায় তারা।
'নিরাশা' রাক্ষ্মী, মেলি বিকট বদন,
তাহাদিগে গ্রাসিতে আইসে প্রতিক্ষণ;
সক্ষে তার 'অনুতাপ' নামে অনুচর;
যম-দণ্ড জিনি যার যাতনা হক্ষর।
অতএব যারা তব অবিচার রটে,
মিথ্যা দোষ দেয় তারা সপ্রমাণ বটে।

মানবের মদগর্ক করিতে দমন, বিনোরে বিশ্বের পতি করিলা সৃজন।
প্রভুর প্রেরিত বলি, বিনীত অন্তরে,
ভীষণ শাসন তব সহ্য যেই করে,
সেই জন তব হাতে পায় জ্ঞান-ফল;
কণ্টকি-মৃণালে যথা মিলে শতদল।
যদিও তোমারে দেখি লোকে ভয় পায়,
সতত মঙ্গল-ময় তব অভিপ্রায়।
'কপ্ট-মিত্রভা' আর 'ষধার্য-প্রণয়'
তব আগমনে স্বধু স্থগোচর হয়;
'অলীক-আমোদ' যত, দেখি ও বদন,
হাসি রক্ষে লয়ে সঙ্গে, করে পলায়ন;

4. 2

रेमवाशीन अधिकान कर जुमि यथा, অবিলম্বে 'বিবেক,' 'নমুতা' এসে তথা ৷ ভোমার সহিত মম চির-পরিচয়: তব দোষ, গুণ জামি জানি সমুদয় ৷ যছপিও ছিলে তুমি শিক্ষক কঠিন, ज्यिरे नाशाल यम श्रमत नवीन ; তোমা হতে শিখিলাম ধীরতার ফল, আলস্থের কত দোষ, প্রমের কুপল: তোমারি দারুণ-দও করিয়া স্মরণ. অপরের অঞ্জলে ভিজে মম মন। এ ঘোর সংসার চক্রে, যদি কদাচিৎ, পুনরায় দেখা হয় ভোমার সহিত. পূর্ববং শাতনা দিওনা, দণ্ডধর ; উত্র-মূর্ত্তি ধরিওনা আমার গোচর; কোমল-ছাদয়া 'দয়া' তনয়া ভোমার, স্বাতি-বিন্দু সম শুভ অঞ্চ-কণা যাঁর---'ধৈৰ্য্য' বীর, তব ধীর অজের কুমার, বহিতে সক্ষম যিনি তব গুৰু ভার---रेशांता উভয়ে यन शांकन निकछि : অনায়াসে পারি বাতে তরিতে সকটে।

# ঈশরস্তোত্র।

----

হে বিভো। অখিলাধার। নিরাকার। নির্বিকার। সত্য-জ্ঞান-চিদানন্দ-ময়। প্রীতি ভক্তি হাদে ধরি, তোমারে প্রণাম করি, হে অনাদে! অনস্তঃ অক্ষা! मुक्रम, পालम, लग्न, তব ইচ্ছা-মতে इग्न, তোমার শক্তির নাহি সীমা; আমি, অপ্প বুদ্ধি ধরি, বর্ণিব কেমন করি ও তোমার অপার মহিমা? যেই দিকে করি দৃষ্টি, ভোমার বিচিত্র সৃষ্টি, তুটি রদে মগ্ন করে মন— শিরোপরে নীলাকাশ.-পদতলে স্থপ্রকাশ ক্ষেত্র সব শামল বরণ ৷ তোমার ভজনা জন্য, কাষ কি মন্দিরে অন্য ? এই ধরা মন্দির তোমার; যুক্ত-কঠে, এই স্থলে. গান করি কুভূহলে, 'জয় বিভু বিশ্বের আধার।' वाश् मन मन त्राव, यर्पात विष्णि-माव, কল-কল-স্বরে যত ধুনী ভোমার মহিমা গায়; অবোধ আমরা হায়! ও সকল ভাৰেও না ভাৰি ৷

অশেষ প্রকারে তব জ্ঞান, শক্তি, ভব-ধব, বিজ্ঞাপন করিছে স্বভাব; कि आकाम, कि जुल्ल, मर्समा, मकन ऋल, বিছামান ভোমার প্রভাব। দীপ্তি-রূপে দিবাকরে; মিগ্ধ-ভাবে শশধরে; · প্রকাশ-স্বরূপ তারাগণে: গুৰুত্ব পৃথিবী, জলে; ব্যাপ্তি-রূপে নভোম্থলে; গতি, তেজ, প্রন, দহনে: লতা, বৃক্ষে রসভাব; প্রাণ রূপে আবির্ভাব, সমদয় জীবের অন্তরে: ভোমাতে করিয়া ভর, বাঁচিতেছে চরাচর, ভূচর, খেচর, জলচরে ৷ অনন্ত উপায়ে তুমি, পালিতেছ এই ভূমি, জীবদের কুশল কারণ; ভক্ষ্য দ্রব্য যার যাহা ; সদা যোগাইছ তাহা, আর আর যাহা প্রয়োজন। আহা! কিবা মুকে শলে! সিন্ধু হতে, বাস্পছলে, বারি বিন্দু উঠে নভোস্থলে: তথা মেঘ-রূপ ধরি, ক্রযকে ক্রভার্থ করি, রুফি রূপে পড়ে ভূমওলে। কত কত তডিত্বান, শৈল-শিরে পেয়ে স্থান, নদী রূপে হয়ে প্রবাহিত, নানা দেশ বেডাইয়া, সুখৈশ্বর্য বাড়াইয়া,

্ মিলে পুনঃ সাগর সহিত।

ভোমার বিধান মত, ভ্রমিতেছে অবিরত, পৃথিবী, আদিত্য, নিশাপতি; অসংখ্য তারক চয়, ধূমকেতু জ্যোতির্ম্ময়, নিজ নিজ পথে করে গতি। ষড় ঋতু, ক্রমে ক্রমে, তোমার আজ্ঞায় ভ্রমে; প্রাণীদের সাধিতে মঙ্গল; মাস, পক্ষ, তিথি, বার, দিবা, নিশি অনিবার কাল চক্রে যুরিছে কেবল। অনুবীক্ষণের বলে, এক কণা মাত্র জলে, দেখা যায় জীবের সঞার। অবনী-মওলোপরে, কত জীব বাস করে. সংখ্যা করে সাধ্য হেন কার? এ বৃহৎ ধরাতল, মানবের বাসস্থল, জগতের কণা বই নহে; বুঝিব কি? বিশ্বপতে, কত জীব এ জগতে তোমার রূপায় বেঁচে রহে। দৃশ্যমান এ জগৎ পূর্ব্বেতে ছিলনা সং;

তোমাহতে উদ্ভব ইহার; ত্রন্ধাণ্ড হইতে ভিন্ন, তুমি হে অপরিচ্ছিন্ন, বিশ্বরূপী নহ, বিশ্বাধার।

যেমন কঙ্কণ, হার, স্বর্ণ-ময় স্থলকার; দ্ধি যথা হয় তুগ্ধ-ময়;

তদ্রপা, হে বিশ্বকার, কদাচিৎ এ সংসার তোমার অবস্থা-ভেদ নয়। মাটি হতে যে প্রকার, কুম্ভ গড়ে কুম্ভকার, হয়ে যাত্র নিমিত্ত-কারণ; দে প্রকার, বিশ্বপতে, তুমি অন্য দ্বত্য হতে, কর নাই জগৎ সুজন। অন্যে অসম্ভব যাহা, তোমাতে সম্ভব তাহা; তুমি শ্রেষ্ঠ, তারা ক্ষুদ্র-মনা; স্বভাবে স্বাধীন হও; স্থানিয়ম-বদ্ধ নও ; কার সঙ্গে ভোষার তুলনা ? তব জ্যোতিঃপ্রতিভাস, জীবাত্মায় স্থপ্রকাশ; घटि घटि यथा ऋर्याकत । জীবাত্মা প্রতিমা তব, একাত্ম কেমনে কব ?— পরমাত্রা তুমি, পরাৎপর। তত্মসি-বাদী যারা, প্রভেদ না মানে তারা, রজ্ঞাতে ভূজস-ভ্রম কছে; म कथा ना अनि आमि; जूमि व जीरदत्र सामी, আত্মা সৎ, ভ্রাম্ভি কভু নছে। ন্যায়, সাংখ্য, পাতঞ্জলে, আত্মার নিত্যতা বলে; আমি কিন্তু সৃষ্ট বলি মানি; তব ইচ্ছা অনুগত, হতে পারে কণে হত; তুমি এক নিত্য আছ জানি। তবে যে জীবাত্মাচয়, অমর স্বরূপ রয়, সে কেবল ভোমারি কুপায়; षार्थिन यक्नानश्च, मन्ड यक्न यश्च,

্ সমুদায় তব অভিপ্রায়।

সমদৃষ্টে, সদাশিব, দেখ তুমি সর্ব্ব জীব ; পতঙ্গ, যাতঙ্গ এক যত।

किया नीठ, किया छेछ, कि सहर, किया जूछ,

সবে এক নিয়মানুগত। যে নিয়ম অনুসার, জল-বিন্দু গোলাকার,

যে নিয়ম অনুসার, জল-বিন্দু গোলাকার, সেই নিয়মেতে গোল ক্ষিডি;

শাখাচ্যুত পত্রগণে, ভূমি-গত যে কারণে, ভাহাতেই জগতের স্থিতি।

শক্তি তব চমৎকার! নৈপুণ্যের নাহি পার,
মম কুদ্রে বুদ্ধির অতীত!

বুঝিবার সাধ্য নাই, স্তব্ধভাবে থাকি ডাই; হয়ে মাত্র বিশ্বয়ে পূর্নিত।

যদিও সামৰ্থ্য-হীন, স্থামি মূঢ়-মতি দীন, তবু আমি ভোমার সম্ভান;

রুপাময় রূপা করি, মনের মালিন্য হরি, দেহ বজ-বিচারণ-জ্ঞান ।

মর্ম্ম-বোধ হবে যত, জানিতে পারিব তত, চমৎকার কৌশল তোমার;

যুচিবে সন্দেহ সব, স্পন্ট হবে অনুভব, ম্বেছ ভব জীবে বে প্রকার।

জননী, পুত্তের প্রতি, প্রিন্ন পতি প্রতি, সতী, কত মেহ, কত প্রীতি ধরে ?

ভোমার প্রেমের কাছে, তার কি তুলনা আছে?

विन्यू वथा निकृत गोठता।

ধন্য সেই, সুখী সেই, জ্ঞানচক্ষে দেখে যেই, তব প্রেমে ব্যাপ্ত চরাচর;

সামান্য প্রেমেতে তার মানস কি মজে আর ? ভূমানন্দ লভে নিরন্তর ।

এ সংসারে প্রিয় যারা, কিবা পুত্র, কিবা দারা, চিরকাল জন্য কেহ নয় :

তুমি মাত্র হও নিত্য; তোমাতে লাগালে চিত্ত, নাহি থাকে বিচ্ছেদের ভয়।

ভাস্ত হয়ে এত দিন, রয়েছি বিষয়ে লীন, প্রমার্থ হয়ে বিশ্বরণ;

এ দোষ না লবে, নাথ, নিবেদি যুড়িয়া হাত, আমি মৃঢ-মতি অভাজন

সামান্য আমার বল; মহাবল ঋপুদল, মনোরাজ্য করে অধিকার;

আত্মীয় ইন্দ্রিয় যারা, বিপক্ষের পক্ষ তারা ;
কোন দিকে না দেখি নিস্তার।

তব রুপা হলে পর, পৃস্কুলংঘে ধরাধর, অন্ধে পায় দৃষ্টি পুনর্কার।

তোমা ভিন্ন দরাময়, কারে করি সমাশ্রয়?
খপুকুল করিতে দমন।

ইহাদিগে করি বশ, তোমার অসীম যশ, দিবা নিশি করিব কীর্তন !

## পরিবর্ত্ত ।

রজনীর পর দেখ দিবার উদয় : যামিনী আগতা পুনঃ দিবা হলে লয়; क्रक शक्ति पिन की न माध्य ; শুক্ল পক্ষে পুনঃ তার বাড়ে কলেবর। এখন নিদাঘ-তাপে তাপিতা যে রুসা, রস-পূর্ণা হবে ইহা আইলে বরষা; আবার শরদ ঋতু হইলে আগভ, প্রার্যা পলাবে লয়ে দল বল যত ৷ ক্ষণ পূৰ্বে হাস্য-মুখী ছিল যে প্ৰকৃতি, ঝড়েতে উহার কত হতেছে বিক্ষতি! ক্ষণ পরে পুনরায় করিবে ঈক্ষণ মেঘ-মুক্ত স্মের-যুক্ত উহার বদন ৷ এই রূপে কাল-চক্রে যুরিছে সংসার-প্রতিক্ষণ পরিবর্ত্ত হাসি, হাহাকার। উঠিতেছে যাহারা এখন ভাগ্য-বলে, তুরদুটে তারা পুনঃ নামিবে সকলে; দুর্ভাগ্য-তিমিরে যারা পতিত এখন, অচিরে সেবিবে তারা সোভাগ্য-কিরণ ৷ ত্রিভূবন জয় করি, অমরে যখন माम-कर्म्य नियुक्त कतिल मुभानन,

একথা কখন সে কি করিত বিশাস ?
বানরে বা নরে তারে করিবে বিনাশ।
বে সময় ভরত, মারীচ-তপোবনে,
খেলা করে বেড়াইত কাননে কাননে,
শকুস্তলা মনে আশা ছিল কি এমন
পৃথিবীর অধিপতি হইবে নন্দন ?
পরিবর্ত্ত-ময় এই সংসার-জলিধ;
ইহাতে জুআর ভাটা বহে নিরবধি।
অতএব রুধগণে করি মনোন্থির
সম্পদে স্থাল ইবে, বিপদে স্থীর।
কিবা ছঃখে, কিবা স্থাই, সম্ভোষ যাহার,
মানুষ ভাহারে বলি; মানুষ কে আর?

# ত্যিসার প্রতি উক্তি।

হরিতে দিবার ক্লেশ, করিতে ত্রুংখের শেষ, পরিয়া তিমির-বেশ, এস, এস, যামিনি: थकाकिनी कमलिनी, विद्राह दह मलिनी: थियामिनी मः यागिनी ममुमाय कामिनी । তব শুভ-আগমনে, গগনে দেবতাগণে ছড়ায়েছে ছাই মনে তারা পুষ্প-কলিকা; र्योवनी अवनी-वाला जार्थ आर्ग ভति छाला, মল্লিকা-মূথিকা-মালা মধুকর-পালিকা। शाशाल, शा-शाल लाय, बारम खारम झके हाय: দিবার উত্তাপ সয়ে. সুখী তোমা পাইয়া ৷ পক্ষিগণ-কলরব, ক্রমে হলো অপহ্ব; নিজাগত বুঝি সব, কুঞ্জ বাসে যাইয়া। य्र्य गांव निगांकती छेनुकी, आलात अति, ভক্ষ্য প্রতি লক্ষ্য করি, উড়িতেছে সম্বনে; मात्य मात्व वाक्र एक शाथा भम शाहे हित : हैं। जात हरकारतत रम्था नाहे भंगरन । শ্বিশ্ব হল বস্থমতী; মন্দগতি সদাগতি; ত্রিভ্বন রতিপতি অধিকার করিল। ছেরি তব অধিষ্ঠান, মানিনীর গেল মান; वित्रहि-क्रानत्र थीन, धाक्वादत हतिन।

এস, এস, বিভাবরি, নিদ্রাদেবী-কর্মার ;
সে তোমার সহচরী শোক-তাপ-হারিণী ।
অথবা আপন সঙ্কে, স্থান্দ্র ডাকি আন রঙ্কে ;
যার মারা ভুক-ভকে সৃষ্টি-লয়-কারিণী ।
নহে এই নদী-কূলে, চাক নীপ্তক-মূলে,
হ্রা-নিভ-শহ্যাভুলে, রব ধরা লর্মে;
ভাব-ময় এই মন ;—কভ ভাব প্রভিক্ষণ
দিবে আদি দরশন নিমীলিভ নয়নে !
যে সব স্থানগণ ভাজিয়াছে এ ভ্রম,
একে একে এইক্ষণ দেখা দেয় আদিয়া;
দূর-স্থিত-বয়ু যারা, বহুদিনাব্যি হারা,
নেত্রোৎসব করে তারা; দেশ ভেদ নাশিয়া ॥

### আকাশের প্রতি।

---

অনাদি, অনম্ভ তুমি! অসীম বিভার! অখণ্ড-মণ্ডলাকার! ত্রন্ধাণ্ড আধার! উচ্চ মধ্যে ক্ষিতীয় উচ্চত্ৰম হও; আমাদের নয়নের গতি গদ্য নও। কোটী কোটী পৃথিবী, আদিত্য, শশংর মূর্ণ্যান তোমাতে হতেছে নিরম্ভর; ভয়ক্ষর ধূমকেতু—বাহার উদয়ে যানবে উৎপাত গণে ভাষিত ক্লয়ে-জ্ঞান হয় যেন তব ক্ষুদ্র অনুচর; वाकाय माँ काय शास्त्र नहेशा गम्ब । এরপ তোমায় হেরি অসীম, মহান, বিশাধিপ-প্রতিবিশ্ব করি অনুমান; भर्त, मर्फ, मर्खज विजाक कृषि यथा, সর্কব্যাণী পরমাত্মা বিছমান তথা। সামান্য আমার হায় ! বাক্যের ভাতার, কেমনে অনম্ভব্ধপ প্রচারি ভোমার ? খণভাবে দেখে তোমা যেমন নয়ন, সেরপ স্বরূপ আমি বর্ণিব এখন ! अलाहाल अ ममझ यान निवक्ड; পশ্চিমতে কিবা তব শোভা মনোহয়!

রক্ত আর পীত বর্ণে নানা খন ঘটা হিঙ্গুল, হিরণ্য জিনি ধরিয়াছে ছটা। দেখিতে দেখিতে পুনঃ, ওই মেঘচয় নিশাগমে লান ভাব ধরে সমুদর। অতঃপর শশী আসি, বসি তব ভালে, দুই লোক ঢাকে সাক্র চক্রিকার জালে: ক্রমে ক্রমে তারাগণ দিতেছে দর্শন; সংখ্যাতীত মক্তাফলে শোভে ও বদন। এ সময় সবে, মুগ্ধ হবে তব ভাবে, যাহার বেমন মন সে তেমন ভাবে। উর্দ্ধ-দৃষ্টে ক্যকের মান্স মোহিত---'আহা ৷ কি খ্যামল ক্ষেত্ৰ কুমুম-মণ্ডিত ৷' ক্ষ-প্রেম-রদে মগ্র যে জনের মন. ভোষাতে সে শ্রামরপ করে নিরীকণ: क्का कि हा अक, वन्याला शति, হৃদয়ে কেস্তিভ যথা ধরেন শ্রীহরি, জ্যোৎস্বালোক-শুভ্র তথা তব নীলকার সেইরূপ শোভা পায় চক্র-ভারকায়। u मही-जूतन याता नाग्रिमाला तल : চন্দ্রাতপ দেখে তারা তোমার মণ্ডলে; দীপ্রিমান কাচদীপ তুল্য শোভাকর, খুলিতেছে কোটী কোটী নক্তর-নিকর। शुक्रविगी-कृत्व वित, शीमखिनी-कृत्व

बनावनि क्रात मर्त्व छव क्रांश जूरन ;

" वर्ग-महादर्श खरे, क बत्ल खाकाल?" "नीलिया निर्मल नीहर निर्मिश निर्मात्र ; "कूमूम कूटिएइ खरे, हाँम कर्जू नय़— " जाता नय, ह्यांचे क्यू मी किल नपूमस।" व्हित्रत्नदृष्ठ खरे शीत किल नपूमस।" विह्वतन्तदृष्ठ खरेन । हिस्सू विल ख्य यय इट्डिइ खरेन । नीया-हीन-वर्षू खर जीत-हीन-नीत, वियल-खायल-वर्ग, विश्नल-गंजीत ; क्यां-वर जाता-शंथ मुखा भाजांकत ;

প্রকাও দ্বীপের ন্যায় ভাসে শশধর; উপদ্বীপ-মালা প্রায় তারাগণ জ্বলে;— ইচ্চা হয় উডে যাই ও সকল স্থলে।

#### চন্দ্রের প্রতি।

১ উড়-कूल-পজি ভূমি। क्षलिश-नम्ब। শর্করীর সার্কভৌম ! স্থার আধার ! গগন-মওল আর এ মহীভূবন প্লাবিত এখন স্বিদ্ধ-কিরণে তোমার। यमि ७ डेब्ब्ल छत्र मिदाकत-कत्र, তব কর তুল্য তাহা নহে মনোহর ৷ २ প্রান্তর, নিকুঞ্জ-বন, সৌধ-দেবালয়, গঙ্গার হিল্লোল-হীন সলিল-দর্পণ, वियम-(की भूमी-मध्र इत्य व नम्म, রজত-মণ্ডিত প্রায় কেমন শোভন I এখন পৃথিবী রূপ নির্ধি যেমন, দিবালোকে কে কোপায় দেখেছে এমন ? ৩ তৃণশুন্য পুলিন-সিকতা যাত্র সার-ভোমার রশ্মিতে কিবা দেখায় স্থন্র। এই রূপ এ সংসার, দুঃখের আগার, কবিতা প্রভাবে ধরে শোভা মনোহর। रिवामहीत वन-वाम. नल-विवत्राम অলেকিক স্থোদয় নহে কার মনে ১ ৪ যদিও কলকে তব অক্কিত বদন, দোষা-কর, দোষাকর কে বলে ভোমার ? তোমারি আলোকে লোকে আলোকে লাঞ্ছন;

মসি-মীয় মুখে উহা কে দেখিতে পায় ? रक्छन बादब यनि धक्र मीत बग्न. ति सिवि ये छव शह गण्डन ति नश् । সুকোষল মনোরতি প্রেম আদি করি निवरम पूर्य्वर हिल मपूनश; এখন আৰার যেন নিদ্রা-পরিহরি জাগিয়া উঠিছে তারা পাইরা সময় ৷ তৰ ওও জাগমৰে কৃষ্ণ যেখন সক্ষার ডাজিরা হর প্রকৃত্ন বদন। ৬ এখন সে চাক-ইণ্ডি পতে পুনঃ মনে-, काशक्ष-गर्मन-मनी कास्ता क्रय-मिधि;-রাখিয়া এসেছি বাসে যে ৰাজ্যানে, দুরে থাকি হয় তারা মাদস-সমিধি। কিন্তু কি বিচিত্র! মনে বাদিগো নেহারি, छारमंत्रि कात्राल श्रेतः सम्देख बर्ह वाति ! নিঃশব্দে এ তরি মম জাহ্নবীর জলে এ সময় একাকিনী ভাসিছে যেমন, তুমিও তেমতি ওই আকাশ মণ্ডলে নীরবে করিছ গতি, চকোর-রঞ্জন! এইরূপ সতা-পথে ধার্মিক স্কল আড়ম্বর-খূন্য হয়ে করেন ভ্রমণ। পশ্চিম হইতে এক দ্বেষী জলধর

জান হয় আসিতেছে আসিতে তোমায়; উহার কবলে গোলে তব কলেবর, ভাষা ! ও রুকর ছটা থাকিবে কোথায় ? এরপ বিপদ-এত হইলে সজ্জন

কি প্রকার দশা হায়! তিনি প্রাপ্ত হন?

দেখিতে দেখিতে, ওহে রজনী-ভূবণ,
 প্রবেশ করিলে তুমি জলদ-উদরে;

কিন্ত কিমাশ্চর্য ! তব বদন এখন
ইন্দ্র-ধনুং বেন্টিত দ্বিগুণ শোভা ধরে !
এমনি হুংধের জালে হইলে জড়িত
পূর্বাপেকা সাধুচিত্ত দেখার ললিত।

১০ এক পক্ষ বৰ্দ্ধমান হও ভুমি, চাঁদ,

অপরে কীণাক হরে হও অদর্শন ; রুষ-পক্ষ গত হলে ও মুখ সুহাঁদ

আবার মোহিত করে সকলের মন । মানুষের জীবন যৌবন গোলে, হার! কিরে আর কদাচ না আসে পুনরার!

### মেষের উক্তি।

মহীস্থত বটি, কিন্তু মহি মহী-বাসী, দেবরাজ-দৃত আমি গগন-বিলাসী, कामज्ञभी, कामगामी, भवन-वाहन, ভীম্ম-সম-মহাবল-গ্রীম্ম-নিস্তদম ; ( শর-শয্যাগত যথা গাঙ্গেয় প্রবীর বৃষ্টি-বাণে বিদ্ধা উথা নিশাঘ-শরীর।) নদীর জনক আমি, চাতকের প্রাণ, দাবাগ্রি হইতে করি পশুগণে ত্রাণ। আমার অধীন দেখ যত ক্ষীবল : আমা হৈতে হয় স্থু ভাদের মঙ্গল ৷ কদম্ব কেতক ফুটে মম আগমনে; हति छ-वमना धता आगात कातरन । আতপ-ভাপিত যত তক মিয়মাণ, আমারি কপায় তারা পুনঃ পায় প্রাণ। वित्रहिनी कत्न यागि रुख अनुकूल, विरम्भी कारखत यनः कति भयाकुल। মম বৃষ্টিপাত প্রতি দৃষ্টিপাত করি, (म ब-मीरत ভारत शास पिरत-**गर्स**ती; विट्मार्य कलाशि-व्रम किक्कत आभात. কেকারবে বৃদ্ধি করে যাতনা ভাষার।

সংযোগী ব্যাকুল-চিত্ত যে ধ্বনি শ্রবণে. বিরহী কীদৃশ তায় বুঝে দেখ মনে; আর কি রমণী-রত্নে উপোক্ষা সে করে? উন্মনা হইয়া আশু ফিরে আসে ঘ্রে।

যায়ারূপ ধরি আমি কুতন কুতন, কভু স্কা, কভু সুল, বখন বেমন। কখন উন্নত-শীর্ষ গিরি-ছর্গ প্রায়; কখন মাতক, কভু কুরকের ন্যায়; রুষ্টিগতে হই কতু কার্পাসের রাশি; সতরঞ্চ ছক বং কখন প্রকাশি; কখন বা লূতা-জাল সদৃশ অন্বরে আচ্ছাদন করি আমি রবি, শশধরে ; আখওল ধনুঃ ভুল্য বিচিত্ৰ মণ্ডল উহাদের মুখ বেড়ি রচি সমুজ্জ্বল। कथन निर्शाखि-द्रम-भुष्टक कति छत, ভয়ক্কর মূর্ত্তি ধরি ব্যাপিয়া অবর। কালরাত্রি সম খোর অন্ধকার ঘটা! বহ্নির বিভান বং বিহ্নাভের ছটা ! यहान्य अञ्चा मह इानि पीक्षानि ; কণে কণে পৰ্বতে পৰ্বতে প্ৰতিধনি। कथन श्रक्षे शास्त्र विकरे वमान, ধবলিত করি ভূমি শিলা বরষণে। কথন বা ইচ্ছামত অলক্ষ্য হইয়া। উচ্চ শিলোচ্চয়ালয়ে থাকি লুকাইয়া :

निकलक नील नजः निव्रथिया नत्त নিশ্চয় আমার মৃত্যু অনুভব করে; কিন্তু যবে পৃষদর্য-অশ্ব-আরোহণে, হাসি হাসি আসি আমি আবার গগণে, সে সময় সবে হয় বিশায়-জনয়: 'কোথা হৈতে পুনঃ এটা হইল উদয়?' नील, भीछ, भाष्टलामि नाना वर्ग धति, চিত্রকরগণে আমি শিক্ষাদান করি। মনোলোভা শোভা মম হেরি তারা হারে. চেষ্টা করি তুলিতে তুলিতে নাহি পারে। কখন কাশ্মীর রাগ প্রকাশি এমন, কাশ্মীর-ললনা-গাল জিনিয়া শোভন। কখন বা হই যেন দলিত অঞ্জন. সুকেশা যুবতিদের চিকুর-গঞ্জন। এ সুখ বরিষা কালে ছেরি মম ছবি নব নব ভাব ভাবে যত নব্য কবি। তডিং জডিত অঙ্গ নির্থি আমার, কেহ ভাবে স্বর্ণ-রেখা কন্টিতে প্রচার । অপরে ঠাহরে আমি দেবেন্দ্রের করী, বিজয় পতাকা রূপে কণপ্রভা ধরি। অন্যে কয় তাহা নয় কাফ্রাজ-রাণী শিথীতে করেছে আলো কাল মুখ-থানি ৷ সম্প্রতি আমাতে দেখি ইক্রায়ুধ-ভাতি, চঞ্চলার হ্যতি আর বলাকার পাঁতি,

#### कानामक्षती ।

ভাবিছে আমায় কোন ভাবুক রতন,
গোপবেশ-ধারী শ্রাম, মদন-মোহন।
শিথিপুছেে শোভে তাঁর চূড়া যে প্রকার,
ইন্দ্রায়ুধে সাজিয়াছে মক্তক আমার।
বনমালি-গলে দোলে বনমালা যথা,
বিঘটিত বলাকার মালা মম তথা।
কৃষ্ণ-কোল আলো করি থাকেন শ্রীরাধা,
তড়িল্লভা-ভুজে তথা আমি থাকি বাঁধা।

#### গঙ্গার প্রতি।

হিয়াজি-নন্দিনি গঙ্গে, সুরনদী ভূমি; তব জন্য ধন্য এ ভারত পুণ্য-ভূমি। অগণ্য-বোজন-ব্যাপী সলিল ভোমার করিতেছে এই দেশ শস্ত্রের ভাণ্ডার। যেখানে যেখানে বছে তব শুভ জল. বর্দ্ধশীল হয় তথা লোকের মঙ্গল ; 👚 🗀 ভোমা হৈতে বাণিজ্যের কত যে উন্নতি, তীরস্থ নগরবুদ্দে হয় অবগতি; কত-দ্রব্য-পরিপূর্ণ কত জল-যান আসে যায় তব বুকে ভেটেল উজান! প্রথমে ইংরাজে যবে নিজ বুদ্ধি-বলে ভাসাইল বাষ্ণীয়-তরণী তব জলে. लीह-वर्ष इस नाहे यथन थानत, সমস্ত বাণিজ্য ছিল করস্থ তোমার। যদি ও এখন তব সে গোরব নাই : তোমার গুণের অন্ত তরু নাহি পাই। পুরাণ পুরাণ মুখে কত কথা ভনি-বিষ্ণু-পদ-স্বেদে তব জন্ম, সুরধুনি; অনস্তর বিধাতার কমণ্ডলু-বাস ;

তার পর জ্বচায় ধরিলা ক্তিবাস ;---

পতির মাথার মণি নির্থি তোমায়. (रमानिनी हुडी काली इहेला नेवांत : কিন্তু তুমি, কেন রূপ হাসির তরঙ্গে, উপহাস কর তাঁরে মজি রস রক্ষ।-'মন্দাকিনী' নাম, দেবি, স্বর্গেতে তোমার— দিবি-বক্ষে শোভা কর যেন মুক্তা-হার ৷ वियम गलिएन जव, वालाक-कित्राव, শান করে যে সময় স্থ্যাক্ষনাগণে, त्म व्हित-र्यायमारमञ्ज यमन-मधन ভাসে যেন শভ শত ফুল্ল শভদল ৷ পাতালে, প্রবল বেগে, করি কোলাহল, বহে তব 'ভোগবতী'-তরক তরল ৷ ত্ৰবাত্মা দানৰ-দলে দলিতে বেমন, দেবেল্র ভীষণ বক্ত ছাডেন যখন, প্রতি-ধানি হয় বোর পর্বত-গল্পরে-ইতন্ততঃ বন্য পশু পলায় সত্তরে ৷ ভগীরথে করি তুমি পূর্ব-মনোরখ সগর-সন্তাদদের হলে মুক্তি-পথ। সে অবধি নাম তব পতিতোদ্ধারিণী, উত্তর-ভারত-খণ্ডে সদা বিহারিণী। জহু মুৰি গগুৰেতে পীয়া ভব নীর, কর্ব-পথে পুসরার করিলা বাহির। সে জন্য ভোষারে লোকে যুদি-কন্যা বলে-'জাক্ৰী ' বলিয়া নাম খ্যাত ভূমগলে।

চন্দ্রবংশ-অবভংস শাস্ত্রকু ভূপভি,---যাঁর যশে পরিপূর্ণ ছিল বস্থমতী---মোহন মাধুরী তাঁর করিয়া দর্শন, পতি বলি তাঁরে তুমি করিলে বরণ ৷ পুৰুরবা-প্রেমাসক্তা যে রূপে রূপসী मूनि-मार्थ वर्ग-ज्यो इहेशा उर्वनी, न्थं मक्त यर्जा-वाम ल्लाचामानि मम, আনন্দে রহিল আসি ভাঁহার ভবনে . তেমনি রহিলে তুমি শান্তনুর যরে ; क्राय क्राय असे वन्न धतिल छेनात : কিন্তু হায় মাতৃ-শ্বেহে জলাঞ্জলি দিয়া, বধিলে সাতটী পুত্র নির্দয়া হইয়া। অফ্য গর্ব্বেতে তব ভীম্ম অবতার ; ভারতে বর্ণিত ভীম-পরাক্রম যাঁর। রাজার বিনয় বাক্যে সে স্বতে না বধি, তাঁর সঙ্গে ছাডাছাডি হল দে অবধি ! পুরাণ কথনে আর নাই প্রয়োজন; অধুনা যা জানি তাই বলিব এখন !

পিতা তব শৈলরাজ উচ্চ হিমালর;
জনমের স্থান কিন্তু না হয় নির্নর;
অবরোধ করে পথ অনস্ত তুষার;
গঙ্গোত্তীর উত্তরে উত্তরে সাধ্য করি?
কত কত নির্বারীর সঙ্গে ক্রীড়া করি,
পিত্রালয়ে শৈশব কাটালে, সুরেশ্রির;

गृशंकक-मभाकीर्व (प्रवताक वर्त, বিহরিলে ইচ্ছামত তাহাদের সনে ! श्वात श्वात महीरथत वक्त राज्य कति, যোর রবে বছে তব প্রথরা লহরী। লভারজ্জু 'ঝোলা ' সেতু উপরেতে ঝোলে, পথিকের পদ ভরে ভয়ানক দোলে। তুই পার্ষে তুক্ত-শৃক্ষ পর্বত সকল श्रंकरि विकरे पृष्टि यन रेम छामल ; ভূতলে অটল পদ করিয়া স্থাপন, মাথা তুলি আক্রমণ করিছে গগন। কোথাও ত্যজিয়া উচ্চ গিরীন্দ্র-শিখর, ঝাপিয়া পডিছে তব জ্বোত ভয়ঙ্কর: निक्त पूर्वायान नना किनमत नीत। ভয়স্কর শব্দ শুনি প্রবণ বধির ! কিন্তু কি বিচিত্ৰ! আহা! তৰ ছাদিমাৰে দিব্য এক ইন্দ্রধনু: তথাপি বিরাজে; যেমন শোকেতে হলে ব্যাকুল অন্তর, মোহিনী আশার রূপ না হয় অন্তর। এ প্রকার ভাব ভঙ্গী ভোমার ভীষণ रियाजि-मन्दन ऋधू इश नत्नन ; আর্যাবর্ত্তে তব আস্থা সদা হাস্থা ধরে, ভীরে মরকভ ক্ষেত্র মেত্রভাপ হরে। शामूबी रहेए जुमि नामि रतिवादत,

গোমুখী হইতে তুমি নামি হরিছারে
দক্ষিণ-বাহিনী হলে খেকু। অনুসারে;

তার পর বাম দিকে ফিরিয়া, পার্বতি, শ্রীচী অভিমুখে,এলে অব্যাহত গতি। ত্যজিয়া ফরক্কাবাদ-প্রাচীন পাঞ্চাল-পূর্বকার গর্ব যার হরিয়াছে কাল,-কাণ্যকুব্ধ নগরের উত্তরে আসিয়া. কালীনদী, রামগঙ্গা সঙ্গেতে মিশিয়া, বিঠুরের \* আড়পার করি প্রকালন, বন্দি কবি বাল্যীকির রম্য তপোবন, কত দূরে কাণপুরে আসি অকস্মাৎ আর এক গঙ্গা সহ তোমার সাক্ষাৎ; যে গঙ্গারে ইংরাজ—দ্বিতীয় ভগীরথ— এনেছে হিমাজি হতে কাটি অন্য পথ। তথা হতে আরো নিম্নে করি পদার্পণ, প্রয়াগে যমুনা সঙ্গে তোমার মিলন। অপূর্ব সেখানে তব সলিলের শোভা; নীলোৎপলে খেতোৎপল যথা মনোলোভা: কিন্তা শশধর-করে আকাশ যেমন শুক্ল-নীল-মিশ্র-বর্ণ অতি স্থদর্শন। ত্রিবেণী সকলে বলে, ফলে তাহা নছে; তোমার ও যমুনার বারি মাত্র বহে; ভারত ছাডিলা বলি দেবী সর্মতী, অন্তর্হিতা বুঝি তাঁর নদীও তেমতি 1

কিঠুর—বিখ্যাভ 'নানা' সাহেবের বাসন্থান।

বিষম মাৰের জাডে কপ্রাস-জাশে, বেণিমাধবের ঘাটে যাত্রিকেরা আসে ! বর্ত্তমান ক্লেশ তারা কিছু বাহি গণে, কেশ শান্তা মৃতাইয়া কত প্লাম্বা মনে ! ধন্য তিনি করি যিনি মস্তক-মুখন, ना करतन श्रमतांत्र कुर्शाय खर्म ; নত্বা মুড়ায়ে মাথা বল কিবা কল ? চিত্ত-প্রায়ন্চিত বিনা কোথায় মঙ্গল ? সাধু! সাধু " তুলসি<sup>\*</sup>!" কবিতা-কমলেশ! মুঢ়েরে দিয়াছ তুমি ভাল উপদেশ। 'মন না মুড়ায়ে যেই মস্তক মুড়ায়, ' গুৰু নাহি চিনে বেই ভীৰ্ণাটনে বায়, ' যোগ বিনা করে যেই রাজি-জাগরণ, ' গর্দ্ধভের তুল্য হয় তারা তিন জন।' কিন্তু আর ও সব কথায় কাজ নাই। বর্ণনা ত্যজিয়া কেন ভিন্ন পথে যাই ? উপরে হুর্জ্জয় হুর্গ প্রকাণ্ড আকার,— প্রস্তর-নির্শ্বিত প্রাংশ্ত যাহার প্রাকার-নদীব্যু, পরিখা বেচ্চিত চারি পাশ-অক্বরের স্কোশল করিছে প্রকাশ ৷ কুদ্র এক গুহা আছে ভিতরে উহার, যেখানে ' অক্র বর্ট ' নাম মাত্র সার ।

তুলসিদান—বিনি হিলিভাবায় অব্যংক্ষী রামায়ণ কাব্য প্রণ্যন করিয়াছেন।

প্রাগ ছাড়ায়ে, গঙ্গে, আসি বিদ্ধাপায়, শীর্ণকায়া হলে তুমি উপল-শব্যার। উহার উচ্চতা কাছে কুক্ততা ভোমার করি-ধৃত নালবং শোডে চমংকার! শিখর-বাসিনী দেবী ' অউভুজা ' যথা, উঠিলে অপূর্ব ছবি দৃষ্ট হয় তথা। সম্মুখে পতিতা তুমি যেন দীর্ষ বেণী-ও পারে চিত্রিতবং বিটপীর শ্রেণী-এ দিকে নিকেপ করি নয়ন যগল. ভক-শুন্য গিরি-পংক্তি নির্ধি কেবল ! कलत्रव-शीन मना थ मकल छान ; মেন যেন এখানে আপনি মূর্তিমান। চক্রিকায় মগ্ন হয় অচল বখন, অদ্ভত সুষমা রাশি প্রকাশে তথন। वन्म ' योग-मात्रा\* ' प्तरी, विकाशनिनीतां অভিষেক করিয়া আপন পুণ্য নীরে, সুরম্য উন্থানরাজী-শোভা বৃদ্ধি করি মির্জাপুরে উপনীতা হলে হরেশবি। নুতন 'বরিয়া' ঘাট কিবা শোভাময়! তুই পার্বে ব্রাজে যার দিব্য দেবালয়। গাগরী লইয়া কড যুবতী নাগরী আসে বার এই খার্টে ষেন মত করী;

<sup>\*</sup> অইডুকা দেবীর নাম r

<sup>†</sup> ই হার অপর একটী নাব ভোগ-মারা।

কেহ কেহ করে স্থান স্থালিত কুস্তাল, তব জল সুবাসিত করি পরিমলে। গজমুক্তা মালা সমা, গিরিরাজ-বালে. বিহরিয়া কিয়ৎক্ষণ মির্জাপুর ভালে, চরণাজি তলে তুমি এলে ধীরে, ধীরে; উত্তব্দ হর্গম হর্গ শোভে যার শিরে। গড় মধ্যে আছে বহু স্নদৃষ্ঠ ভবন ; থাকে যাতে স্থবির ইংরাজ সেনাগণ। কেছ বলে 'পাল'-বংশ কোন মহীপাল নিশাইয়া ছিল এই তুর্গ বহুকাল; বঙ্গরাজ্য ছিল যবে বিস্তৃত বিপুল— বিদ্ধাহৈতে যথা পূর্ব-সাগরের কুল। প্রাচীন প্রাসাদ এক হিন্দু-বিরচিত অদ্যাপি এ শৈলোপরি আছে স্থবিদিত। চরণাত্রি পরিহরি বহি অবিশ্রাম थल जुमि गामकामी कामीताक-धाम। উপরে হাসিছে গঙ্গা-মহল তাঁহার-বরষায় শোভা যার অভি চমংকার ৷ নিমে দেখি ভগবান ব্যাসের আলয়. অধিষ্ঠিত যথা এক শিব তাম্ময়। ঘাটের উপরে শ্বেত-প্রস্তর-রচিত মনোহর মৃর্ত্তি তব দেখি সংস্থাপিত। বৰ্ষে বৰ্ষে ব্যাস পূজা হতে এই পারে মাঘ মাসে মেলা হয় সোম শুক্রবারে।

ত্যজি রামনগর সম্প্রতি, শ্বেতাকিনি, কাশী আসি হলে তুমি উত্তর-বাহিনী। অসী বৰুণার মধ্যে বারাণসী-পুরী অর্দ্ধ-চন্দ্রাকারে আহা! ধরে কি মাধুরী! পাষাণ-নির্মিত কিবা ঘাট সারি সারি! অগণ্য সোপান পংক্তি কিবা মনোহারী! উপরে বিরাজে কত প্রস্তর ভবন। স্বপ্লবৎ ছবি ছেরি মোহিত নয়ন। অসী-সঙ্কমেতে লল্লা-মিশরের ঘাট, রম্য হর্ম্য বিভূষিত যাহার ললাট। তুলসিদাসের নামে ঘাট ভার পর, রামায়ণ যেখানে রচিলা কবিবর ! রামদাস-ঘাট দেখি উত্তরে উহার. জৈনদের দেবালয় উপরে যাহার। শিবালয় ঘাটের কি শোভা মনোহর! माङ्कानात्नत \* यथा गङ्ल सून्तत । ( এখন তাদের হায়! নাই সে গোরব; একে একে অপাহ্ৰুত সমস্ত বিভব ।) পরে দেখি হরুমান-ঘার্ট মনোরম, निध-मच्छमाशीत्मत (यथात वार्धम। এ সকল ছাডাইয়া প্রাচীন ঋশান; যথা রাজা হরিশ্চন্দ্র, দয়ার নিধান,

<sup>\*</sup> टेज्यूद कूटलास्य वार्शनाद माटस्द बर्भ।

সমুদয় রাজ্যখন করি বিভর্ণ. করিয়া**ছিলেন শেষে শৃকর চার**ণ। অতঃপর আইলাম ' কেদার' ভবনে. चनानि विनशा याँदि माद्य एक्सार्ग। পরে পেশবার \* ষাট দেখি স্থগঠিত. 'অন্নপূৰ্ণা' ছত্ৰ যাঁর সৰ্ব্বত্ৰ বিদিত— शृद्ध यथा अभग मन्त्रांति-मिध्रांन, প্রতিদিন মনোমত পাইত ভোজন ৷ পার্ষে পুণ্যবতী রাণী ভবানীর † মার্ট, যাঁহার স্মরণে পুলে হৃদয়-কবাট। চেষিড়ি-যোগিণী-ঘাট করি পরিহার. রাণার ! মহল দেখি সম্বুখে আমার! বুৰজ-অলিন্দ কিবা শোভে অশাময় ! এ সময় গ্রীম্বাকুল জনের স্বাশ্রয়। विल्याय त्रमाल अञ्चलती आरामान, যখন প্রথর বহু, মকর-বাহনে-বুৰুজ মণ্ডপে শুয়ে প্রমদা সহিত, অদুরে কলোল তব শুনিতে ললিত ৷ কিবা চমৎকার ¶ মুন্সি-ঘাটের গাঁথনি ! দেখিলে দর্শক-নেত্র মোহিত অযনি।

<sup>\*</sup> পেশওয়া অয়ত রাওকর্ত্ব এই বাই বাঁধান হইয়াছিল। তিনি পুনাধিপতি পেশবা বালীয়াওয়ের বৈষাক্রের ভাতা ছিলেন।

<sup>†</sup> এই ঘাটের নাম সর্কেশ্র ঘাট। সর্কেশ্র নামক শিব এই স্থানে প্রতিষ্ঠিত।

<sup>‡</sup> উদয়পুরের রাজবংশ।

শঞ্জীধর মুন্সি নাগপুরের রাজার দেওয়ান অর্থাৎ অঘাত্য ছিলেন

অহল্যা রাণীর ঘার দেখি ভার পর: কীর্ত্তি বাঁর মূর্ত্তিমতী কাশীর ভিতর। প্রসিদ্ধ দশার্থমেধ ঘার্টের উত্তরে, মানসিংছ রাজার\* মন্দির শোভা করে: যে বাটীতে সংস্থাপন করি বেশালয়, জয়সিংহ স্বীয় যশ করিলা অক্ষয়! এতদিন তদম্বয়ে মহীপতি গণে তাঁর এ মহতী কীর্ত্তি স্মরে নাই মনে। ইতিপূর্কে ইহার দেখিয়া ভগ্ন দশা, কার নেত্রযুগে নাহি ব্যাপিত বরষা ? ১ অদ্য পুন: নবীক্ত নির্থি ইছায়, চিত্ত হতে সে আক্ষেপ হইল বিদায়। †যন্ত্র-সমাডাদি করি যন্ত্র ছিল যত, পুনরায় স্থরকিড দেখি রীতিমত। পুনরায়, জয়পুর ভূপের আজ্ঞার, গৃহ ছাদ নূতন হতেছে সমুদায়। বেধালয় ছাড়ায়ে এড়ায়ে ঘাট কভ. সম্প্রতি ঋশান ভূমে হলাম আগত। রাজা রাজবঙ্গভের বাট ইহা বটে, শবদাহ-স্থান এই তব পুণা ভটে। যেজনের অস্থি আসি পডে তব কলে. মুক্তিপদ পায় সেই শাল্রে হেন বলে;

<sup>\*</sup> মানমন্দির নামে খ্যাত। † আভগ-ষটকা যন্ত।

বিশেষতঃ কাশীতে যে মরে তব তীরে, এ ঘার সংসারে আর সে কি আসে ফিরে? এ হেন বিশাস যার দৃঢ় আছে মনে, মৃত্যুকালে সে এখানে আনে আত্ম-জনে। সম্মুখে জ্বলম্ভ চিতা নির্বিধ সম্প্রতি ; কাছে বসি মুক্তকেশী জনেক যুবতি। চিত্রের পুতলী প্রায় রয়েছে ললনা; প্রাণনাথে হারাইয়া বিষাদে মগনা। নেত্র হতে ধারাকারে ক্ষরিতেছে নীর— ঘন ঘন দীৰ্ঘানে হৃদয় অন্তির-नीतर अवना वाना कामिए कवन, নিরাশার প্রতি-মূর্ত্তি যেন অবিকল। একমাত্র ধন হুফ কাল হরে নিল। হা। বিধাত ! ওর কি কপালে এই ছিল? ত্যজিয়া শ্বশান-ভূমি সজল নয়নে, মণিকর্নিকার ঘার নির্থি এক্ষণে। কাশীখণ্ডে বিবরিত মাহাত্ম্য যাহার, ত্মান মাত্র পাপ তাপ নাহি থাকে আর। অদুরে বিরাজে বিশ্বেখরের মন্দির কনক-মণ্ডিত যার শেখর কচির প্রায় নিত্য এইখানে যাত্রীদের মেলা; পর্ম দিনে বাড়ে আর লোকেদের ঠেলা।

<sup>\*</sup> মৃত রাজার পজিত্সিংহ এই মন্দিরের চুড়া বর্নাডিত করিয়াছিদেন।

লম্পট নাগর যত লইয়া নাগরী এখানে বিহরে রকে লজ্জা পরিহরি ! यथार्थ अकथा वर्ष, किছू विश्वा नश, ' যত বড তীর্থ ভত পাপের আলয়'। বুড় য়া-মঙ্গলে গঙ্গে তোমার উপরে কত কাও হয় তাহা নির্ণয় কে করে? তেমন অপুরু মেলা জার না কি আছে ? মাহেশের স্থান বাত্রা কোথা তার কাছে ? বজরা, উলাক আর ডিঙ্গী অগণন একবারে ছেয়ে ফেলে তোমার বদন; প্রত্যেক নৌকায় হয় ৰূত্য, গীভ, রঙ্গ ; যুবক যুবতী যোগে রসের তরঙ্গ। ধনীদের তরণীতে বড় ধুমধাম; আবির গোলাব রুষ্টি তথা অফযাম। সে সব স্থারিয়া আমার কি ফল এখন ? ক্রমান্বয়ে ঘাট শোভা করি নিরীক্ষণ। বৈজাবাই ঘাট ওই হতেছে লক্ষিত ; কুলাঙ্গনা স্থান হেতৃ প্রাচীর বেন্টিত। উহার অত্যম্প দূরে দেখি চমৎকার— সিদ্ধিয়ার ভগ্ন ঘাট প্রকাণ্ড ব্যাপার। পার্বেতে বিরাজে গঙ্গা-মহল † উজ্জল; রাধারুফ প্রতি-মূর্ত্তি ষধা নিরমল।

<sup>\*</sup> গোয়ালিয়র দেশাধিপতি।

<sup>†</sup> এই এনাসাদ পুর্বে বেণীরাম পণ্ডিতের চিল। ভদপরে ইছা বিখ্যাত নানা সাহেবের হস্তপত হইয়াছিল। অধুনা

উন্নত উপলময় বাঁধের কি শোভা!

এ তোমার বক্ষঃ হতে কিবা মনোলোভা!

উহার উত্তরে শোভে ঘোসলার (১)ধাম,
পূর্ব্বেতে কাঁপিত বক্ষ শুনি বার নাম;
নাগপুর হতে যেই হুরস্ত নরেশ
বর্গী-সৈন্য লইয়া লুটিত পূর্ব্বদেশ।
ক্রেমে নিম্নে আসি আমি করি দরশন
বালাপন্থ(২) প্রতিষ্ঠিত প্রাসাদ রুতন।
অতঃপর মনোহর বালাজী(৩) নিলয়
আকর্ষণ করিতেছে মম আঁধিদ্বর;
সারি সারি ঘার আর গবাক্ষ সকল
দূর হতে চিত্রবৎ কেমন উজ্জ্বল!
পঞ্চাক্ষা ঘাট দেখি উত্তরে উহার,
কার্কিকে যেখানে হয় মেলা চমৎকার।

গবৰ্মেট ইছা কাড়িয়া লছিয়। মহারাজা দিকিয়াকে সমর্পণ করিয়াছেন।

<sup>()</sup> নাগপুরাধিপতিবিধ্যাত রাঘৰ জী ঘোদদা অথবা ভোদদা এই অট্টালিকা নির্মাণে করাইয়াছিলেন। ইহাতে থেত মর্থার বির্চিত লক্ষ্মী নারায়ণ এবং সরস্থতীর প্রতিস্থৃত্তি সংস্থাপিত আছে।

<sup>(°)</sup> মছারাজা দিভিয়ার বর্ত্তমান দেওয়ান। এই প্রাসাদে থেড প্রেন্তর রচিত দক্ষীনারারণ মৃত্তি জাছে।

<sup>(</sup>৩) বাজীরাও পেশবা কর্ত্ত্ব এই দেবালয় প্রতিষ্ঠিত হয়। ইহাতে লক্ষণ বালাক্ষী নামক বিষ্ণুমূর্ত্তি আছে। বাজীরাওয়ের উত্তরাধিকারী নানা লাছেব রাজবিজ্ঞানী হইলে গবর্ণনেউ এই প্রালাদ অধিকার করিয়া মহারাজা সিজিয়াকে অর্পণ করেন।

তখন পাল্লিনী জিনি পাল্লিনী নিকরে বিচিত্র বেশেতে কিবা ঘাট আলো করে! বিশেষে যামিনী যোগে, তব দিবা তটে প্ৰজ্বলিত দীপমালে কি ছটা প্ৰকটে। 'বেণিমাধবের ধ্বজনা' সে সময় দেখিলে না মুগ্ধ হয় কাহার হৃদয় ? হিন্দু নাম দিয়া ওরে লোকে কেন কছে? যবন ভজনাগার-ভুজ বই নহে(১)। দুর হতে অকম্মাৎ জ্ঞান হয় হেন বিশাল গগন-ভেদী দৈত্য-বাস্থ যেন। অবশেষে রাজঘাট সম্মুখে উদয়; পুরাতন সৌধ এক যথা দৃষ্ট হয়। এই স্থানে ছিল রাজা বনারের ধাম; যাঁহা হতে এ পুরীর বনারদ নাম। সিপাহি-বিদ্রোহ-দিনে ইংরাজ সুধীর এখানে স্থাপিয়া ছিল সেনার শিবির। গ্রাবা-হর্ম্য-কিরীটিনী কাশী পরিহরি প্রাচীমুখী পুনঃ তুমি হলে, স্থরেশরি; কত দূরে বক্রগতি গোমতী ভটিনী তোমাতে মিলিল আসি নগেশ নন্দিনি; অতঃপর গাজীপুর স্পর্শে তব নীর;

 <sup>(</sup>০) এই মদজিদ আপওরলজেব (আলপথা আপালনগীর) বাদশাই নির্মাণ করাইয়াছিলেন।

कर्न(७) हालिएनत(७) यथा मभाधि-यन्ति । আতর গোলাব জন্য খ্যাত এই স্থান; পুরোপাস্তে শোভে কত গোলাব উদ্যান । কর্মনাশা ছাড়াইয়া বক্সর প্রাম ; ত্রেতায় তাড়কা যথা বধিলা 🖻 রাম। অধুনা এখানে ইংরাজের অশ্বালয়; লালিত পালিত যথা হয় কত হয়। বক্সর পরে ভৃগু ঘুনির আশ্রম, তব সঙ্গে যথা শাখা-সরয়ু-সঙ্গয়। এ পবিত্র তীর্থ হতে প্রায় ত্রিযোজন, দেহা আর শোণ সঙ্গে তব সংঘটন। সন্নিকট দানাপুর দেখিতে কচির; ইংরাজ সৈন্যের যথা অপূর্ব্ব শিবির। অপ্পদূরে দেখা যায় ভোমার উপর, প্রাচীন পাটলীপুত্র পার্টনা নগর। পুর্ব্বেতে ওখানে ছিল উদ্যান প্রচুর, এ জন্য উহার নাম হল পুষ্পপুর। অধুনা তাদৃশী শোভা কিছু মাত্ৰ নাই, গোটাকত ভাঙ্গাঘাট দেখিবারে পাই : वि महत्य दर्व श्रीत कतिन श्रीमान, ठल अथ-ताकशानी हिल धरे दान;

 <sup>(</sup>a) শ্লভ কর্ণ ওয়ালিস—যিনি ছুইবার স্বর্ণর ক্লেন্থল পদান্তি-বিক্র হইয়া ভারতবর্ষে কর্জব করিয়াছিলেন।

কুটিল কেটিল্য\* বারে, অপর্ব্ব কৌশলে রাজপাট দিল, নন্দ-বংশ নাশি ছলে। এই স্থানে অশোকের ছিল সিংহাসন: যে রাজা আপন কীর্ত্তি করিতে বর্দ্ধন, উঠাইয়া জয়স্তম্ভ নগরে নগরে. প্রচারিল বৌদ্ধ মত দেশ দেশারের। নবাব আজিযোশান, যবনাধিকারে, বেহারের রাজধানী করিল ইহারে: নির্মাইল রম্য হর্ম্য এথানে বিস্তর: অদাবিধি ভার নামে খ্যাত এ নগর। ७क शावित्मत अमा वाल धरे जाल : শিখদের প্রাত্নভাব যাঁর শিকাবলে। ও পারেতে হরিহর দেবের যন্দির: তোমাতে মিলিল যথা গণ্ডকীর নীর। মহাতীর্থ বলি উহা কথিত পুরাণে; গজ কচ্চপের যুদ্ধ হইল ওখানে। वर्ख वर्ख ७३ ऋल ज्ञाम-शुनिभाज्ञ, যে প্রকার মেলা হয় বলা নাহি যায়; গজ, বাজ্ঞী, গো, মহিষ আদি পণ্ডচয় কভ যে বিক্রয় হয় কে করে নির্ণয় ? সিবিল সৈনিক আদি খেত কান্তি কত অশ্বচক্রে পডি হয় বাছজ্ঞান-ছত।

<sup>°</sup> চাণক্যের পিতার নাম 'কুটিল' এজন্য তাঁহাকে কোটিল। বলা যায়।

পার্টনা ভ্যাজিয়া, গঙ্গে, আনন্দে ভাসিয়া, পুনঃ পুনা নদী সঙ্গে একত্রে মিশিয়া, উর্বরা মগধ-ভূমি করিয়া ভ্রমণ, কত দূরে মুঙ্গেরে করিলে পদার্পণ। জরাসন্ধ-কারাগার নাজানি কোথায়: সম্মুখে যাবনী হুর্গ পতিতাবস্থায়। অদূরেতে সীতাকুও—খ্যাত প্রস্তবণ ; উফজল যাহা হতে উঠে অনুক্ষণ। মুক্ষের নগর হতে জাহাক্ষিরা আসি, মন মুগ্ধ হয় হেরি তব শোভারাশি জল মধ্যে গিরি-শৃঙ্গ কিবা চমৎকার! দেউলের কিবা শোভা উপরে উহার! অগৌণে ভগলপুর নিরখি, ভবানি,— পূর্বকার চম্পাপুরী—অঙ্গ রাজধানী। ইহার দক্ষিণ দিকে হয় স্থগোচর সমুদ্র-মন্তর-দও মন্দর ভূধর ৷ ভগলপুরের সীমা করি পরিহার, উত্তীর্ণ কাহালগায়\* প্রবাহ তোমার; যথা তিন শৈল খণ্ড রাজে তব জলে; যাদিগে ভীমের ভার অজ্ঞ লোকে বলে। অঙ্গদেশ ছাড়াইয়া দেখি মনোহর মতিঝর্ণা প্রস্ত্রবণ পর্বত উপর:

<sup>\*</sup> **কছোল নামক ঋষির বাসস্থান**।

পরে রাজমহল নির্থি তব ধারে. মহারাজা মানসিংহ স্থাপিলা বাহারে। যে সময় ছিল ইহা স্ক্রার\* আসন, ইহার ছটার সীমা ছিলনা তখন ; সে সকল শোভারাশি এখন কোথায়? গোটাকত প্রাসাদ কেবল দেখা যায় ৷ রাজবাটী আদি কত সোধ-নিকেতন হইয়াছে জনহীন গহন কানন ! ভগ্নদশা সমুদয় অ্টালিকা চয়! এখন কেবল বন্য পশুর আশ্রয় ! धन-জन-मरेश्यर्ग्या-मकलि वृथाय, র্মোন ভাবে এই শূন্য নগরে জানায়। মানুষের যত গর্ব কালে থর্ব হয়, পৃথিবীতে কোন বস্তু চিরস্থায়ী নয়। দেশ দেশান্তর হতে শিম্পিগণে আনি. সাজাইল সুজা যবে এই রাজধানী, কখন কি তার মনে হইত এমন ?— কান্তার হইবে তার এ সব ভবন। ত্বই শত বর্ষে এত পরিবর্ত হায় ! পূর্ব্বকার অহস্কার স্বপনের প্রায়! ত্যজি রাজমহলের পার্বত প্রদেশ, সমভূমি বঙ্গে, গঙ্গে, করিলে প্রবেশ।

<sup>\*</sup> সাহসূজা— সাহ জাহান বাদসাহের পুত্র এবং অওরুল জেবের -----

অতঃপর নারদাদি নদ নদী কত তোমার চরণে আসি হইল প্রণত । পুষ্ট কলেবরা হয়ে তাদের সলিলে, অবাধে গভীর নীরে বহিয়া চলিলে। বিশাল যৌবন ভরে উথলি তুকুল, পদ্মানামে বহে তব প্রবাহ বিপুল। আতা তব' ব্রহ্মপুত্র, বছদিন পরে আবার তোমারে পেয়ে, প্রফুল্ল অস্তুরে, আপনার প্রিয়বন্ধু বঙ্গ-পারাবারে, হাতে হাতে সম্প্রদান করিল তোমারে।

সাগরের ক্রোড়ে, পদ্মে, সঁপিরা ভোমার, ভাগীরথী তীরে তব আসি পুনরার ।
উভয় তটেতে কিবা দৃশ্য শোভাকর !
কত পল্লি-প্রাম ! কত শ্যামল প্রান্তর !
প্রত্যেক বাঁকেতে তব নব নব ছবি
দেখিরা বিশ্বরে মুগ্ধ হয় নব্য কবি ।
কোন স্থানে চাবেতে নিযুক্ত চাবাগণ ;
কোন স্থানে গোপালকে করে গো-চারণ ।
কুত্রাপি বংশের বংশ সুয়ায়ে শরীর
বক্রভাবে আলিঙ্গন করে তব নীর ।
কোন স্থানে শিবের মন্দির পুরাতন,
অর্থণ সহত্য ভূজে করে আলিঙ্গন ;—
কিবা তথা উভয়ের বিষ, পদতলে,
অধােমুধে লম্বান, কল্পমান জলে ।

কোন স্থানে মহাকায় বহু-পদ বট পত্র-ছত্র ধরি ছায়া করে তব তট; ঝুরি নামি যেন কত হইয়াছে থাম, নব প্রেম উপযুক্ত গোপনীয় ধাম। কোন স্থানে পক্ষাকার-চাৰ্ক-পত্র-ধারী নারিকেল গুয়াগাছ দেখি সারি সারি। কুত্রাপি কোকিল-কুল কাকলী-কুজিত শোভে সহকার কুঞ্জ ফলে বিভূষিত; যাহার সেরিভ ভার বহিয়া পবন জলপথ-যাত্রীদের মুগ্ধ করে মন। मिला मनीन (थाल श्रीनामाह माल, যাহাদিগে মাছরাকা ধরে স্থকোশলে; বৃহৎ রোহিত মৎস্য ঈষৎ রোহিত লক্ষ্দিয়া জল হতে হয় সমুখিত। কত কত শুশুক—মশোক সম কায়— উঠিয়া উলটি পুনঃ জল মধ্যে যায়। চরে চরে চরে জলচর পক্ষি-পাঁতি বালি-হংস, চক্রবাক আদি নানা জাতি। স্থিরভাবে কোন খানে মীন অপেক্ষায়, বক দাঁড়াইয়া ভও তপস্বীর ন্যায়।

তব তীর নীর, গঙ্গে, শোভার ভাণ্ডার ; প্রত্যেকে বর্নিতে পারে হেন সাধ্য কার ? প্রধান প্রধান দৃশ্য দেখি যে সকল দে সকল শুধু মাত্র বলিব কেবল।

ममुर्थ पूर्मिमाराम-नवावी नगत-বাঙ্গালার নাজিমের আবাস সুন্দর। পূর্ব্বে এই নবাবের জাঁক ছিল যত, ইংরাজাধিকারে তাহা প্রায় সব গত। তথাপি ইহাঁর সমুজ্জ্ল রাজ-বাটী বরষায় তব জলে শোভে পরিপাটী। অদ্যাপি ময়ুরপংক্ষি-ছিপ শত শত ভেদ করে তব নীর তীর তারা মত। এডাইয়া অতঃপর কাসিম বাজার, বহরমপুরের শিবির হয়ে পার, প্রসিদ্ধ প্লাসী আমে হলাম আগত; সিরাজুদোলার ভাগ্য যথা অন্তগত; ছলে বলে তাঁর সৈন্য জিনিয়া যখন, এদেশে স্থাপিল ক্লা (ই) ব ইংরাজ শাসন। কোথা সেই আমু কুঞ্জ দেখিতে না পাই একটি বিটপী বই চিহ্ন তার নাই। বিখ্যাত সে রণ-ক্ষেত্র তব গর্ভ-গত: সুধু তার নাম মাত্র আছি অবগত। সম্প্রতি পলাসী-পল্লী ত্যজি, স্থরেশ্বরি, কত কত গ্রাম-সীমা অতিক্রম করি. স্থবিখ্যাত নবদ্বীপ বিরাজে যেখানে थए नमी माक जुमि मिलिल मिथान ;--যে নদীর ধারে ক্ষুনগর উজ্জ্বল ক্ষচন্দ্র ভূপতির ছিল বাস-স্থল।

প্রাচীন বিদ্যার স্থান এই নবদ্বীপ; বঙ্গভূমে একমাত্র জ্ঞানের প্রদীপ। ন্যায়-শাস্ত্র-শিরোমণি খ্যাত 'শিরোমণি এই স্থানে করে ছিল তাহার টিপুপনী। বৈষেশিকে বিশেষ নিপুণ মতিমান 'জগদীশ '-বাসস্থান ছিল এই স্থান। এই স্থলে আগমবাগীশ বামাচার ভয়ন্ধর তাম মত করিল প্রচার। এই স্থলে ছিল পুনঃ গৌরের আলয়, প্রীতি রদে পূর্ণ ছিল যাঁহার হৃদয়; জাতি-ভেদ প্রাণি-বধ করি নিবারণ সর্বজীবে দয়া যিনি করিলা স্থাপন। সাৰ্দ্ধ ছয়শত বৰ্ষ হইল বিগত, ভূপতি লক্ষণদেন, বল-বুদ্ধি-হত, ত্যজি এই রাজধানী সভয় অস্তরে, ফেলে গেল বন্ধ রাজ্য যবনের করে। ন্দীয়া ত্যজিয়া শান্তিপুর গওএাম ; ধুতি সাড়ী উড়ানিতে খ্যাত যার নাম। অতঃপর কত পল্লী করি পরিহার, নির্থি ত্রিবেণী-ঘাট সমুখে আমার। मुक्क-(वनी এ जिदनी मुक्क-(वनी नय़, পরম পবিত্র তীর্থ সপ্তর্ষি-নিলয়। কত পণ্ডিতের ইহা, ছিল বাসস্থান, তার মধ্যে 'জগন্ধাধ ' স্বার প্রধান।

কতক্ষণে হুগলী, চুচুঁড়া দৃষ্টি করি— পূর্ব্বে পে বি্টুগীজ আর ডচের নগরী— প্রথমা পুরীতে আহা ! দেখি কিবা শোভা ! আশ্চর্য্য এমামবাডা জন-মনোলোভা। দ্বিতীয়ায় তব তটে নয়ন-রঞ্জন, বিরাজে কালেজ হর্ম্য বিচিত্র গঠন। অদূরে ফরাসডাঙ্গা—ফরাসিদ-পুরী— বিকাশে ভোমার তীরে মনোজ্ঞ মাধুরী। ওপারে দক্ষিণে দেখি মূলাযোড় গ্রাম— কবি-কুল-চুড়া রায় গুণাকর থাম! কিছু নিম্নে চাণক সিপাহি-বাসস্থান ; যার কাছে শোভে দিব্য অপূর্ব্ব উছান। পশ্চিম পারেতে পুনঃ করি আগমন দেখিয়া শ্রীরামপুর তৃপ্ত ছুনয়ন— ডেনদের অধিকারে নবতী বংসর প্রধান বাণিজ্য-স্থান ছিল যে নগর। পশ্চাতে বল্লভপুর গ্রামে উত্তরিয়া, রাধাবলভের মূর্ত্তি দর্শন করিয়া: হইলাম মাহেশের ঘাটে উপনীত স্থান-যাত্রা মেলা যথা ভুবন বিদিত। পূর্ব্বপারে খড়দহ— \* গোস্বামি-বসতি-অধিষ্ঠিত যথা শ্রাম-স্থন্দর মূরতি—

<sup>\*</sup> নিডাঃনন্পোরামী।

পানিহাটি- যথা মঞ্জ মাধবীর মূলে রাঘব পণ্ডিত স্থনিদ্রিত তব কলে— তার পর বরাহনগর—কাশীপুর— প্রত্যেকে দর্শকে দেয় আনন্দ প্রচুর। অবশেষে কলিকাতা উদিতা নয়নে— ভারতের রাজধানী ইংরাজ শাসনে। সম্বাথে নির্থি শুধু মাস্তলের বন; জাহাজে জাহাজে ঢাকা তোমার বদন। উপরে উন্নত হর্ম্য শোভে সারি সারি-সংখ্যা করি কভু আমি ফুরাতে কি পারি ? যে দিকে ফিরাই আঁখি করি দরশন বুতন নূতন ধারা ইফক ভবন। সাৰ্দ্ধ শত বৰ্ষ পূৰ্বেষ পল্লী ছিল যাহা, দিব্য সেধিময়ী পুরী ইইয়াছে তাহা। অগণ্য বিপণি পূর্ণ প্রত্যেক বাজার; বাণিজ্যের দ্রব্য তায় অনম্ভ প্রকার। জনতা প্ৰবাহে ৰুদ্ধ পথ শত শত; গাড়ী, জুড়ী, নর-যান কি বলিব কত? মহা কোলাহল ধানি শুনি নিরস্তর, শ্রেবণ বধির হয়, বিকল অন্তর। দক্ষিণে প্রকাও হুর্গ ইংরাজ-নির্দ্মিত; চারিদিকে গড়বন্দি পরিখা বেষ্টিত। বুৰুজে বুৰুজে রাজে কামান সকল-নিমেষে নাশিতে ক্ষম লক্ষ অরিদল।

তুর্গাঝে দেনাদের স্থুব্দর অগার; ত্রপাকার অন্ত শস্ত্র অশেষ প্রকার। কেলা ত্যজি আদি-গঙ্গা তরঙ্গে ভাসিয়া, সিদ্ধপীঠ কালীঘাটে অগেণি আসিয়া, कताल-वमना काली--विटलाल-तमना. মন্দির ভিতরে গিয়া নির্থি ভীষণা : ছাগরক্তে অবিরত প্লাবিত প্রাঙ্গন; काली " काली " शांतत्रद ऋत नरह मन । তথা হতে তব নীরে ফিরে এসে স্থথে, তব সঙ্গে যাই গঙ্গে সিক্কু অভিমুখে। ভাটায় ভাসায়ে তরী, ঢুকি বাদাবনে, কত শত শাখা তব নির্থি এক্ষণে। যদিও স্থন্দর-বন পূর্ব্ববৎ নাই, তথাপি স্থন্দর বন দেখিবারে পাই; হটাৎ বাঘের দেখা যদি ও না মিলে কুম্ভীর প্রচুর তব গম্ভীর সলিলে; খর্জ্র রক্ষের মত প্রকাণ্ড আকার দেখিয়া হৃদয়ে ভয় নাহি হয় কার? অতঃপর দৃশ্য হয় ঘোর পারাবার ; উত্তব্দ তরঙ্গ পূর্ণ যাহার বিস্তার। সমুখে কেবল জল হরিত বরণ, আকাশের সীমাবধি অগণ্য যোজন। অতি দূরে দেখিতেছি একটা জাহাজ, পক্ষ মেলি উভিতেছে যেন পক্ষিরাজ।

মহা তীর্থ খ্যাত এই সাগর-সক্ষ;
পৌষ পূর্ণিমার হর যাত্তি-সমাগম।
সাগর-নির্মাতা সগরের পুক্র যত
এই খানে মুনি ও শাপে হরে ছিল হত;
যানের মুক্তির হেতু রাজা তগীরথ
তোমারে আনিল সকে দেখাইয়া পথ।
এক শত বর্ষ পূর্বের অজ্ঞ বাপ মার,
প্রাণ তুল্য সম্ভানেরে মানিয়া তোমায়,
আরেশে তাহারে নিক্ষেপিত এই নীরে;
অমনি ভক্ষিত আসি হাঙ্গর কুন্তীরে।
ইংরাজেরে ধন্য বলি; যাহার আজ্ঞায়
এই ক্ষুদ্র পাস্ত ভেলা করিয়া আশ্রর,
সিক্ষের ভাবিত্র কারে মান্য না ক্য

এই ক্ষুদ্র পদ্ধ ভেলা করিয়া আত্রর,
সিক্কুতে ভাসিতে আর সাহস না হয়;
অতএব উজান বাহিয়া তব নীরে,
তববরে সরিদ্বরে, দেশে যাই ফিরে।

ষেমনে যে মনে তোমা যে ভাবে যে ভাবে,
তুমি দেখা দেহ গঙ্গে তারে সেই ভাবে।
শক্তিরপা মুক্তি-দাত্রী দৃঢ় ভাবি মনে,
ভক্তিভাবে তব পূজা করে ভক্ত গণে।
পুণ্যাতিথি দশহরা † আজি স্থপ্রভাত
তব জলে স্থানে সন্থ পাতক-নিপাত।

<sup>\*</sup> কপিল মুনি।

<sup>+</sup> এই পদা দশহরা দিবনে আরম্ভ হইয়াছিল।

আবাল তৰুণ বৃদ্ধ, স্ত্ৰী পুৰুষ মিলে, পবিত্র করিছে কায়া উলিয়া সলিলে; ठाल, कला, धूश, मीश, अखब ठक्तन, পূজকেরা রাশি রাশি করে আয়োজন; ত্রীখণ্ড-রদেতে আর্দ্র কুস্থমের মালা প্রত্যেক নৈবেছে আছে পরিপূর্ন ভালা। বাজিতেছে শঙ্গ, ঘণ্টা, ঢাক, ঢোল, কত; পূজা হেতু আয়োজিত ছাগ শত শত। ত্রাহ্মণ, পণ্ডিতবর্গ তদ-গদান্তরে, শ্লোক পড়ি কত তব স্তব পাঠ করে।— " সুরধুনী ভুমি, গঙ্গে! হর-শিরোমণি! '' ভব-ভয়-বিনাশিনী ! পতিত পাবনী ! " ত্রিদিবেশ-কুলেশ্বরী! ত্রিগুণ-ধারিণী! " ত্রিতাপহা ! ত্রিপথগা ! ত্রিলোক-তারিণী ! " কলির কলুষ হতে করিতে উদ্ধার, " তোমা ভিন্ন, শৈলস্থতে, শক্তি আছে কার ? " তব তুল্য ভকত-বংসলা কে জননি ? "ভক্ত নামে, ভাগীরথি, বিকালে আপনি। "জ্ঞানাতীত, দেবি, তব অলোকিক ক্রিয়া, " উদ্ধামী কর লোকে নিম্নগা হইয়া; " রবি শশী রাহ্ন-প্রাসে পড়িয়া যেমন, " করেন এ মর্ত্ত্য-লোকে পুণ্য বিভরণ। " তব কুলে শরট করট হয়ে রই ; " তোমা ছাড়া দেশে যেন রাজা নাহি হই !"

## গলার প্রতি।

জলে ডুব দিয়া যত কুল-বালাগণে
পুণ্যোদয় হলো বলি প্লাঘা মানে মনে ।
স্থান-ক্রিয়া সমাপিয়া, নমি তব পায়,
অর্ধ-বৃদ্ধা কত জনা পুল্ল-বর চায় ।
কোন নারী ভক্তিভাবে করি তবাচ্চ না,
তনয়ের আয়ুর দ্ধি করিছে প্রার্থনা ।
বিরহ-ব্যাকুলা কোন নবীনা মুবতী
বর মাগে যোড়করে করিয়া মিনতি;
"অবিলম্বে যেন নাথ এসেন অগারে,
"তিনি এলে পূজা দিব যোড়শোপচারে ।"
মলিন-বদনা কোন কুলীন-ললনা—
তবধ্যান-পরায়ণা সজল নয়না—
পতি-সক্ষ-লালসায় হয়ে ব্যপ্র-মনাঃ,
সতিনীগণের মৃত্যু করিছে কামনা ।

রসিক ভাবুক যারা, তারা তব জলে
নায়িকার প্রতিচ্ছায়া দেখে কুতৃহলে।
সম্প্রতি নিদাবে, হেরি তোমার বদন,
অনুভব করে তারা নবীন যৌবন;
তরঙ্গের ছলে বুক ক্রমে রন্ধি পায়,
মদন তপন তাপে ঈষত্বফ কায়!
বরষায় পুই দেহ দেখিয়া তোমার,
ভাবে তারা প্রগানভার বোবন-বিস্তার;
নির্ম্বল বালিকা-ভাব খাকে না তখন,
সঙ্গম-লালসা-লোল পঙ্কিল জীবন;

বিজ্ঞাতে নাভি যথা দেখায় যুবতী, জলভুমি দুষ্ট হয় তোমাতে তেমতি; 'নয়ন-ছিল্লোলে'ধনী যুব-মন কাডে, তোমার তরঙ্গ রঙ্গে পাড ভাঙ্গি পাডে। শরদে তোমার স্বচ্ছ বারি বিলোকনে, সরলা অবলা বলি ভ্রম হয় মনে: শ্যামল ছু-কূল কিবা ছুকুল শোভন ! স্ভাবত অনুদাত মন্থর গমন ; রজত রসনারপোমরাল মওল মনোহর সিঞ্জাধ্বনি করে অবিরল। শীতকালে শীর্ণ-দেহ দেখিয়া ভোমার, কে না বুঝে বিরহের ব্যথার সঞ্চার ? প্রভাতে কুয়াশা যবে ঢাকে ও বদন কার না গোচর হয় রোদন লক্ষণ ? বসম্ভে অধিকতর তরু তব তরু জানায় কেমন রাজ্য করে ফুলধরু; নিদয় নিরাশা তাপে শুকায় হৃদয়, দুখে মুখ শুক্ষ, কিন্তু বাঙ্গাকুল নয়!

সামান্য নায়িকা রসে মুদ্ধ থাকে যারা, তোমাতে ও রূপ ছবি দেখে মাত্র তারা। সুক্ষমদর্শী বিচার-সম্পন্ন জ্ঞানিগণ ভিন্নতাব তোমাতে করেন দরশন। জ্মবিশ্রাস্ত গতি তব করিয়া স্বীকার, 'কাল' সহ দেন তাঁরা তুলনা তোমার।

উদ্ভব তোমার যথা প্রকাশিত নয়. কালের জনম-কাল না হয় নির্ণয়; তোমার জীবন যথা সাগরে মিশায়. ইহকাল সেই রূপ পরকালে যায়: তব স্রোত যেমন ফিরে না পুনর্কার, সময় বহিয়া গেলে না আইসে আর; পরস্পর যুক্ত যথা তব উর্দ্মি-জাল, কালের প্রবাহে তথা দণ্ড-পল-মাল. দ্বিবিধ পুলিন আছে ভোমার যেমন. কর্মাকর্ম আছে হুই উহারো তেমন: ( প্রথম পুলিন সদা শস্যে বিভূষিত, অপর মুক্তর ন্যায় শিকতা-পূর্ণিত ! ) কত রাজা কত রাজ্য তব কলে গত। কাল আর তুমি মাত্র আছ সেই মত! যবে রবি-শশি-বংশ মহীভূজগণ— বাহুবলে শত্রুদলে করিয়া শাসন— তব কলে অশ্বমেধ-যজ্ঞে হতো ব্ৰতী.— তখন যে রূপ তুমি বহিতে পার্ব্বতি; সেই রূপ ছিলে তুমি আবার যখন পশ্চিম হইতে আসি হুরাত্মা ববন— সোণার ভারত ভূমি করি ছার খার---হিন্দুরক্তে আরক্তিল সলিল ভোমার। **এখন সে यदानत नाहि सारे पिन.** প্রবল ইংরাজদের সবাই অধীন।

## कारामञ्जूती।

ডটে এত পরিবর্ত্ত—তরু কাল বং দাক্ষিরপা তুমি গক্ষে রয়েছ শাখং!

সমাপ্ত।

## শুদ্দিপত্র।

_	•	_	

পৃষ্ঠা	পরিক	<b>ब</b> य	সংশোধন
>	>	তাপময়	তাপময়ী
ঐ	٩	নিয়ত শীলন জল	সদা আলোচনা জল
٨	۵	বৰ্দ্ধ-মূল	বদ্ধ-মূল
2	¢	হয়ে তথা উপনীত,	সেখানে যাইবা মাত্র,
		সুস্থির করিয়া চিৎ,	যুড়ায়ে তাপিতগাত্র
ঐ	৬	মুখে গঙ্গাজল	শ্বিদ্ধ গঙ্গাজল
Ġ	36	গগণে	গগনে
d	25	<del>ই</del> রচ <del>ন্দ্র</del>	<b>ঈশ্বরচ</b> <u>ञ</u>
o	9	ছিন্নভিন্ন ভূষা বেশ	অঞ্ভরা গণ্ড-দেশ
ঐ	8	বামকরে লগ্ন বাম	সমর্পিত বাম বাম-
		भान;	করে;
۵	•	বিরাজিত সহিত	সমৃণাল ঘেরামধু–
		মৃণাল।	করে ।
ঐ	b	বিৰয়	বিনীত
8	39	নাশিতে তাহার	দে দর্প করিতে
		মান দর্প-হারি-	শেষ, দর্পহারী
		ভগবাৰ্	<u> তিলোকেশ</u>
Ó	24	করিলেন উপায়	করিলেন আও
		তাহার।	প্রতিকার।
<b>B</b>	₹•	হইলা	<b>क्</b> रलन

शृषे:	পক্তি	ক্ৰ ম	<b>সংশোধন</b>
8	२8	অতিশয় উন্নত	তেজপুঞ্জ শরীর
		আকার	সরল
¢	>	বাছ্দ্বয় স্থবিশাল,	উন্নত প্ৰশস্ত ভাল,
4	২	বক্ষঃস্থল বিপুল	বিশাল কঠিন উরঃ-
		বিস্তার।	ऋ्ल।
ঐ	ъ	অজ্ঞান-সেনাপতি	অজ্ঞান সেনাপতি
Ġ	>>	মহামতি,	মহামতি
৬	•	অভঃপর করিলা	করিলেন তখন
৬	৯	গল-মাল্য বদলিয়া	।, গলে माला दम-
		তখন	লিয়া, তখনি
(a)	> 0	ছুজ্বে করিলা	क्षाँट् कतिलम
١	22	রাগ	ক্ৰোধ
À	30	কিছুদিন পরে তা	রি, পতি-পরিচর্য্যা
		উদর হইল ভাগি	র, ফলে, আপনার
			ভাগ্যবলে,
(a)	39		মিথ্যা এই মনে জানে,
			।    কন্যা তার ব্যোম-
		ব্যোষ যানে	যানে
4	71	निक्नी विश्वाह	ভ্রমণ করিছে
٩	२२	क्लि ठलिलन	কেলিয়া গেলেন
ঐ	₹8	;	,
٩	· ৮	कत्रिला गंगन ;	করিয়া প্রবেশ,

<b>शृ</b> ष्ठे।	শক্তি	ভ্ৰম :	দং <b>ে</b> শ্ধন
9	20	আজ্ঞা দিলা করিতে	করিলেন পালিতে
		পালন।	व्यादिन,
À	२५	<b>সহ</b> ্দয়	<b>नद्रोय</b> य
À	२२	কৰণ	मधूत्र
ъ	v	नारा ७	লয়ে ও
٩	24	উহার	ইহার
Ġ	२२	উহার	<b>ইহার</b>
5	39	ङ <del>क्</del> यन	ভগ্ন মনে
>•	>8	বসি	বদে
22	<b>ર</b>	একাকী পালকো-	একাকী শয্যায় শুয়ে
	পরি	ভইয়া প্রাঙ্গনে,	ছিলাম প্রাঙ্গনে;
20	36	মকর-চিত্রিত	মকর-চিহ্নিভ
\$8	<b>ર</b>	তথা	যেন
À	8	ভথা	নিত্য
ঐ	¢	শঙ্গ আর ঘণ্টা না	দ শঙ্খ ঘণ্টা বিনিময়ে
		না হয় সেখানে	জ্বমর নিক্র
ঐ	•	অমর গুঞ্জরধ্বনি	कतिरह मक्लक्षमि
		শুনি মাত্ৰ কাণে	প্রুতি-সুখ-কর।
هُ	30	সম্বর	শস্ব
٥¢	ર	উৎস্বী	উৎ স্থকা
١	٩	প্ৰগল্ভ প্ৰকাশ্য	\
À	39	প্রদীপ্ত-কর	প্রদীপ্তি-কর
30	36	यशिक्षा भगन	যথেচ্ গমন

পृष्ठे ।	পত্তি	खम	সংশোধন
39	t	<b>য</b> শাক(ক্ষা	ষশোবাঞ্ছা
14	30	বিনয়	বিনীত
À	24	যানস-যোহিনি	মানস-মোহিনী
55	à	জন্মাবধি বিমাতা	আজন্ম আমারপ্রতি,
		আমায় প্রতিকুল	; বিমাতা বিমুখী;
à	•	ঐশ্ব্য দেখিয়া মম	ঈষ্যায় তাঁহার মন
		मना नियाकूल।	সতত অসুখী।
ঐ	₹8	মন-মুধ্ব-কর	যন-যোহ-কর
२०	२ऽ	নহে কেন নব নব	নতুবা সে নব নব
		প্রেমরস ত্যজি,	প্রেম কেন ত্যজি
à	२२	রুথা সে	র্থায়
۲۶	२२	তৃপ্ত হবে	ভৃপ্ত কর
२२	٩	শীতল শশীর করে	বিমল বিধুরে হেরি
à	>0	তপন-লপন হেরি	ভানু-কর-স্পর্শ
			ভয়ে
२७	২৩	বন্ত্ৰ-বাঁধা	বন্তে বাঁধা
24	8	চিরস্থায়ি	চিরস্থায়ী
ঐ	•	কেন চির-পরকাল	কেন ভুমি চিরকাল
		মগুরবে ক্ষোভে ?	
२७	>	তার সহ পাংওলা	
		তুলনা কি হয় ?	শোভা ভ্রম্টায়
			কি পায়?

পৃষ্ঠা	পঁক্তি	खम	<b>সংশোধন</b>
२७	2	জোনাকী কি জ্বলে	কোপায় সহস্র-রশ্মি,
		যধারবি রশ্মিময়?	জোনাকী কোথায়?
२१	55	আর	তুমি
२৮	22	<b>হ</b> য়	<b>इ</b> न
À	55	তার	তাঁর
२३	٩	মোহভঙ্গে দেখি	মোহভঙ্কে দেখিশশী
		উৰ্দ্ধে শশী অস্ত	অন্তগত-প্রভা
		শোভা	
à	٥,	মুখ-ছবি	মুখচ্ছবি
90	۵	শকা	* \$
90	50	শ্বরূপ প্রকৃতি	প্রকৃতি যেরপ
٩	28	তৰ হল অবগতি	তুমি বুঝিলে স্বরূপ
७ऽ	٥,	বিশায় অস্তর	বিন্মিত হৃদয়;
\$	52	সমুখ-গোচর।	मभूर्थ উদয়!
35	50	नश्नम्यः,	नशनवशः ;—
৩২	50	অতি হরষিতান্তর,	পুলকিত কলেবর,
<b>9</b> 8	0	ইহা পেলে জ্ঞান	ইহা পেলে জ্ঞান
			হরে,
٩	à	कछ मृख्छ	কষ্টে সৃষ্টে
À	24	দেখিলা	দেখেন
৩৬	٩	ভঙ্গ-পদ	ভগ্ন-পদ
७४	৬	উত্তরিলা	<b>চ</b> लिटल न
८०	20	করেছিলা	করেছেন

<b>ઝે</b> ફ્રી	প্ৰক্ৰি	ভ্ৰ		<b>गः</b> दर्शाधन
۵	२५	সহিত		<b>সহিতে</b>
8.	٩	প্রলঙ্কর		প্রলয়-কর
4	२ऽ	সাক্ষাৎ	কৈলাস	কৈলাস-শিখরো-
		স্ম	!	পম !
85	5	কিবা ত	থা সুশোভন	আহা! কিবাস্থ-
		4		শোভন !
ঐ	<b>ર</b>	গেলে য	াধা মিলে	ষেখানেতে মিলে
٩	৩	নিরাশা	-কাসার	নিষ্ঠা-কাসার
8२	39	হবে পু	লকিতান্তর	ফুল রবে নিরস্তর
80	v	ভাহাদে	র সাধু-গন্ধ	তাদের সুরভি গন্ধ
88	o	মহামো	হ দিনকরে	লোভ তীত্ৰ দিন-
				করে
٩	¢		মানব পশু	নর পশু এককালে বিভ্রমরীচিকা-জালে
			ণ রূপবস্থ	
8¢	20	ভাবি		ভাবী
84	\$8			সাগরে
¢°	72			একাকী করিবে তুমি
		M)	ণানে শয়ান	
\$	२०	निन-	-ব্য়ান।	नलिन यमन ।
¢5	29			ছুৰ্গন্ধ
৫२	>			কা মর্মার-গঠিত হর্ম্য
		প্র	ৰ্মত আফতি	রুমণীয় অতি

পৃষ্ঠা	পঁ ক্রি	ভ্ৰম	সংশোধন
62	8	একটি খিলানোপরি	যারে ধরেছিল স্থন্ধ
		ছিল অধিষ্ঠান	একটি খিলান।
ঐ	3¢	;	!
<b>t</b> 8	3¢	স্মির	সমীর
¢¢	৩	সাবধানী	সাবধান
৫৩	¢	বৈকুঠের পতি	জগতের পিতা
٩	•	ছিলা গৰ্মবতী	ছিলেন গৰ্কিতা
١	>0	यनन,	मनन ।
١	52	<b>সারদা</b>	শারদা
49	36	निल दल	নিলে ভূমি
<u>ه</u>	39	ক্রোধেতে জ্বলিয়া	कीरताम-कूमाती
ঐ	24	কহিতে লাগিলা	কাতরে হরিরে কন
	7	রমা ঐহরি চাহিয়া,	
63	29	দনুজ-ঈশ্বর	দৈত্যপতি আগে
ঐ	২৽	পাছ অর্ঘ দিয়া	পাছ আর অর্ঘ দিয়া
		পূজা করিলা বিস্তর,	পূজি অরুরাগে,
ঐ	२२	বসাইলা	বসালেন
ঐ	২৩	জিজ্ঞাসা করিলা	প্রশ্ন করিলেন
৬৬	55	বলি	বলে
ঐ	<b>২</b> 5	উৎস্থকী	উৎস্থক
৬৮	٩	সংক <b>ৰ্মে</b> তে	সাধু-কর্মে
95	२२	সুগোচর	পর <del>ীক</del> িত

পৃধা	পুঞ্	ভ্ৰম	সংশোধন
۹ <b>۲</b>		रेनवांशीन अधिष्ठान	
14	•		
,		কর তুমি যথা,	
à	٤.		ৰিবেক নমুতা আসি
		নমুতা এদে তথা।	বিরাজে সেখানে।
98	৩	কি আকাশ	কি আকাশে
ঐ	٩	<b>নভোস্থলে</b>	<b>নভঃস্থ</b> লে
à	39	সিশ্কুহতে বাষ্পছলে	সিন্ধুহতে ব্যোমতলে
ঐ	24	নভোস্থলে ;	বাষ্পাকারে;
ঐ	२०	র্ফিব্লপে পড়ে ভূ-	ভূমণ্ডলে পড়ে বৃষ্টি
		মণ্ডলে।	शांदत ।
94	۶	অনুবীক্ষণের	অণুবীক্ষণের
95	20	তত্বযদি	তজ্বসসি
96	>>	নাথ,	তাত,
95	52	শ্বের-যুক্ত	শ্মিত-যুক্ত
٧.	۵	মনোন্থির	<b>মনঃস্থি</b> র
۲۶	8	প্রযোদিনী	व्यास्नामिनी
ঐ	৬	ছড়ায়েছে	<b>ছ</b> ড়াতেছে
ঐ	à	তারা পুষ্প-কলিকা	ভারা-পুষ্প-কলিকা
ঐ	٩	ৰ্যোৰনী অৰনী বাল	। योनिनी योनिनी
			বালা
Ś	30	উলুকী আলোর	উলুকী কাকের
		অরি	অরি
۵	>8	मघरन ;	मगर्ग ;

পৃষ্ঠা	পঁক্তি	<b>ভ</b> ম ়	সংশোধন
P2	२०	বিরহী জনের প্রাণ	বুঝি বিরহিণী প্রাণ
:		একেবারে হরিল।	দেহ পরিহরিল।
४२	¢	ন্হে এই	নতুবা এ
₽8	٩	ক্রমে ক্রমে তারা-	বড় বড় ভারাগণ
		গণ দিতেছে	জ্বলে মনে হির;
		मर्भन ;	
٨	Ъ	সংখ্যাতীত মুক্তা	মুক্তাহারে শোভে
	ফ	লে শোভে ওবদন।	যেন তব কলেবর
ঐ	>>	উ <b>ৰ্দ্ধ</b>	উৰ্দ্ধ
۵	>5	আহা কি শ্ঠামল	কিবা অহিফেণ-ক্ষেত্ৰ
		ক্ষেত্র	
<b>ં</b>	২৩	मीयखिनी-कूल	मीयखिनी-कूटन
ba	۵	ফেন বং তারা পথ	ফেন-নিভ শুভ্ৰ অভ
79	۵	বিষদ	বিশদ
८६	Ċ	বিশ্ময় হাদয়	বিশ্মিত হৃদয়
ঐ	२०	বিজয় পতাকারপে	বিজয়-পতাকা ক্ষণ-
			প্রভারপে ধরি।
86	<b>ર</b>	হেমাকিনী চণ্ডী	গোরীদেবী বুঝি
	7	काली ब्हेला द्रेवाय ;	काली श्लन नेर्यायः ;
٨	٩	বিষদ	বিশদ
٩٦			কাণপুরে এলে তুমি;
y Ac.		আসি অকশাৎ	যেখানে হটাৎ
৯৯	0	<del>কু</del> ত্ৰতা	হ্ৰত
		ź.	

110		শুদ্ধিপত্র।	
পৃষ্ঠা	গঙ্গি	ভ্ৰম	সংশোধন
300	¢	ज्ल शीरत शीरत	আইলে অধীরে
200	२२	দেখি সংস্থাপিত	নিরখি স্থাপিত
> 8	२२	<b>অ</b> 1র	আরো
3.9	Ъ	যবন ভজনাগার	যাবন ভজনাগার
309		গ্ৰাবা-হৰ্ম্য	গ্ৰাব-হৰ্ম্য
>>	T	যাবনী ছুৰ্গ	যাবন হুৰ্গ
>>>	২	মহারাজা	মহারাজ
<b>&gt;&gt;</b> <	>		ত্তঃপর মহান্দা
		नम नमी कड	আদি নদী কত
550	•	সারি সারি	মনোহারী
ঐ	>>	मलिल मनीन	मिलि मनील
224	8	তাহার টিপ্পনী	গোত্ম-টিপ্পনী
ঐ	Ъ	তন্ত্ৰ মত	তন্ত্র-মত
ঐ	59	নদীয়া ত্যজিয়া	নদীয়ার কিছু পরে
		শান্তিপুর গওঞা	
220	٩	ফদাদিদ-পুরী	ফরাসিদ-পুরী
275	۵	নিঃক্ষেপিত	নিক্ষেপিত
ঐ	२५	দশহারা	দশহর)
<b>5</b> 2 °	b	পূজা হেতু	বলি হেতু
ঐ	5	তদগদান্তরে,	ভদগভান্তরে,
۵	29	<b>অলে</b> কিক	वाल किसी